 প্রকম্প, প্রকম্পন ষ্য. сильное дрожа́ние
 [সিল'নয়ে দ্রাব্যানিয়ে] অতিশয় কম্পন।
 প্রকরণ ষ্য. глава́ [গ্লাভা], разде́л [রাজ্‌-
 দেল্‌] গ্রন্থাদির অধ্যায় বা অংশ; те́ма
 [তেমা], сюже́т [সু'ঝেৎ] প্রসঙ্গ,
 আলোচ্য বিষয়।
 প্রকর্ষ ষ্য. улу́чшение [উল্‌চ্‌শেনিয়ে]
 উৎকর্ষ; превосхо́дство [প্‌রিভাস্‌হোৎ-
 স্ত্‌ভ] শ্রেষ্ঠতা।
 প্রকল্প ষ্য. гипотеза [গিপো'তজা] যুক্তির
 দ্বারা সমর্থিত অনুমান; прое́кт [প্‌রা-
 এজ্‌] কর্মপরিকল্পনা।
 প্রকল্পিত গ. приду́манный [প্‌রিদু'মন'-
 নীয়্‌] কল্পিত; спрое́ктированный
 [স্‌প্‌এক্তি'রভনীয়্‌] যে কর্মের চূক করা
 হইয়াছে।
 প্রকান্ত গ. о́громный [আগ্রো'মনীয়্‌]
 বিশাল, অত্যন্ত বড়, অতি বহুৎ; — ষ্য.
 ство́л [স্তু'ভোল্‌] গাছের গুঁড়ি।
 প্রকার ষ্য. вид [ভিদ্‌], сорт [সোর্ৎ]
 রকম, ধরন, জাতি; спосо́б [স্পোসাব্‌]
 উপায়, রীতি (কি প্রকারে)।
 প্রকারান্তর ষ্য. разнови́дность [রজ্‌ন'-
 ভিদ'নস্ত্‌] অন্য বা ভিন্ন প্রকার।
 প্রকারান্তরে по-друго́му [প-দ্রু'গোম্‌],
 ина́че [ইনাচি] অন্য ভাবে (তিনি ~
 এই কথাই ব'ঝাইলেন)।
 প্রকাশ ষ্য. выра́жение [ভী'রঝেনিয়ে],

проявление [প্রিয়ভলেনিয়ে] প্রকটন, প্রদর্শন, ব্যক্ত করা বা হওয়া (দৃঃখ ~, বিদ্যা ~, যন্ত্র ~); оглашение [আগ্লাশোনিয়ে], объявление [আব্বয়িভলেনিয়ে] সাধারণের সমক্ষে প্রচার, জাহির (গদ্যপুস্তকখা ~); издание [ইজ্‌দানিয়ে], опубликование [আপদ্বলিকাভানিয়ে] পুস্তকাদি ছাপান ও বিক্রয়ের ব্যবস্থা (পত্রিকা ~)।

প্রকাশক ষ্য. издатель [ইজ্‌দাতিল'] প্রকাশকারী, যে বই ছাপাইয়া বিক্রয়ের ব্যবস্থা করে।

প্রকাশন ষ্য. издание [ইজ্‌দানিয়ে], выпуск [ভীপদ্বস্ক'] প্রকাশকরণ (পত্রিকা ~, পুস্তকের ~)।

প্রকাশনীয় প্রকাশ্য দেখ।

প্রকাশমান গ. издаваемый [ইজ্‌দাভায়মীয়'] যাহা প্রকাশিত হইতেছে; явный [য়ান্ব'নীয়'] ব্যক্ত, স্পষ্ট।

প্রকাশালয় ষ্য. издательство [ইজ্‌দাতিল'স্তুভ] পুস্তক পত্রিকা ইত্যাদি প্রকাশ করার প্রতিষ্ঠান।

প্রকাশিত গ. обнаруженный [আব্‌নারুদ্বানীয়'] অপরের নিকট ব্যক্ত, অগোপন (গোপন তথ্য ~ করা); изданный [ইজ্‌দানীয়'] যাহা ছাপাইয়া বিক্রয়ের ব্যবস্থা করা হইয়াছে।

প্রকাশ্য গ. пригодный для опубликования [প্রিগোদ'নীয়' দ্বল্যা আপদ্বলিকাভানিয়া] প্রকাশের যোগ্য (তাহা ~ নহে); издаваемый [ইজ্‌দাভায়মীয়'] যাহা প্রকাশিত হইবে (ক্রমশঃ ~); открытый [আৎক্রীতীয়'] গোপন নহে, সাধারণের দৃষ্টিগোচর (~ স্থান, ~ ভোট, ~ সভা)।

প্রকাশ্যে ক্রি-গ. открыто [আৎক্রীত] সাধারণের সামনে, খোলাখুলিভাবে (~ বলা)।

প্রকীর্ণ গ. рассыпанный [রাস'সীপন'নীয়'] বিকীর্ণ, ছড়ানো; разный [রাজ'নীয়'] বিবিধ।

প্রকীর্ত ষ্য. громкая слава [গ্রোম'কায়া স্লাভা] বিপদল খ্যাতি, বিপদল যশ।

প্রকীর্তিত গ. прославленный [প্রাস্লাভ'লিমীয়'] বিশেষভাবে খ্যাত, অতিশয় বিখ্যাত।

প্রকৃত গ. подлинный [পোদ'লিমীয়'] যথার্থ, সত্য, মিথ্যা বা কল্পিত নহে (~ ঘটনা)।

প্রকৃতপক্ষে অব্য. в действительности [ভ্' দিস্ত'ভিতল'নান্তি], на самом деле [না সামম' দৌল] আসলে, বস্তুরূপে।

প্রকৃতি ষ্য. характер [হারাক'তিব'র], natura [নাতুরা] স্বভাব, চরিত্র, স্বাভাবিক গুণ বা ধর্ম (দেহুৎ ~, নারীর ~); природа [প্রিরোদা] বাহ্যজগৎ, নিসর্গ।

প্রকৃতিগত গ. естественный [য়িস্তেস্তু'ভিন'নীয়'], прирожденный [প্রিরাব্দ'দ্যো'ন'নীয়'] স্বভাবাসিদ্ধ, চরিত্রগত।

প্রকৃতিজ, প্রকৃতিজাত গ. естественный [য়িস্তেস্তু'ভিমীয়'], врожденный [ভুরাব্দ'দ্যোমীয়'] স্বাভাবিক, স্বভাব হইতে উৎপন্ন।

প্রকৃতিবিরুদ্ধ গ. противоположный [প্রতিভায়িস্তেস্তু'ভিমীয়'], несвойственный [নিস'ভোয়িস্ত'ভিমীয়'] স্বভাবের বিপরীত, অস্বাভাবিক।

প্রকৃতিস্থ গ. нормальный [নার'মাল'নীয়'] স্বাভাবিক অবস্থায় স্থিত, স্বাভাবিক; трезвый [ত্রেজ্'ভীয়'], здравый [জ'দ্রাভীয়'] অপ্রমত্ত, সংযমী, ধাতস্থ।

প্রকৃষ্ট গ. превосходный [প্রিভাস'হোদ'নীয়'], лучший [লুচ্'শীয়'] শ্রেষ্ঠ, উৎকৃষ্ট, প্রশস্ত।

প্রকৃষ্টতা, প্রকৃষ্টত্ব ষ্য. превосходство [প্রিভাস'হোৎস্তুভ] শ্রেষ্ঠতা, উৎকৃষ্টতা।

প্রকোপ ষ্য. суровость [সু'রোভস্ত'] (শীতের ~), приступ [প্রিস্তুপ'] (রোগের ~) প্রাবল্য, উগ্রতা; ярость [য়োরস্ত'] অতিক্রোধ, বিষম ক্রোধ।

প্রকোপিত গ. рассерженный [রাস'সের'ঝীমীয়'] ক্রুদ্ধ।

প্রকোষ্ঠ ষ্য. комната [কোম'নতা] কক্ষ,

ঘর; предплечье [প্রিংপ্রেচয়ে] কনুই হইতে মণিবন্ধ পর্যন্ত হাত।
 প্রক্রিয়া ষ্য. процесс [প্রাৎস্‌স্‌] কার্য-সাধনের নিমিত্ত বিশেষ প্রকার দ্রিয়া (রাসায়নিক ~)।
 প্রক্ষালন ষ্য. мытьё [মীৎ'য়ে], стírка [স্তির্‌কা] ধোত করণ।
 প্রক্ষালিত গ. вымытый [ভীমীতীয়] যাহা ধোয়া হইয়াছে, ধোত।
 প্রক্ষিপ্ত গ. отброшенный [আদ্রোশীন-নীয়] নিক্ষিপ্ত; вставленный [ফস্তাভল্লনীয়], дополненный [দাপোল্লনীয়] মূল রচনায় অন্য কর্তৃক যোজিত (~ অংশ)।
 প্রক্ষেপ ষ্য. отбрасывание [আদ্রাসীভা-নিয়ে] নিক্ষেপ, প্রক্ষিপ্তকরণ; вставка [ফস্তাফ্‌কা], добавление [দবাভলে-নিয়ে] রচনার মধ্যে পরে সংযোজিত অংশ।
 প্রখর গ. острый [ওস্ত্রীয়] অতিশয় ধারাল (~ অস্ত্র); ре́зкий [রেস্কীয়], ё́дкий [য়েৎকিয়] তীব্র, কটু (~ গন্ধ); суро́вый [সুরোভীয়], стро́гий [স্ট্রোগিয়] কড়া (~ দৃষ্টি); паля́щий [পালায়্যায়], жа́ркий [ঝার্কীয়] তপ্ত (~ রোদ্ৰ)।
 প্রখরতা, প্রখর ষ্য. ё́дкость [য়েৎকস্ত'], острота [আস্ত্রাতা] কটুতা, উগ্রতা।
 প্রখ্যাত গ. известный [ইজ্‌ভেস্‌নীয়] বিখ্যাত, প্রসিদ্ধ।
 প্রখ্যাতি ষ্য. известность [ইজ্‌ভেস্‌নস্ত'], сла́ва [স্লাভা] প্রসিদ্ধি, যশ।
 প্রগত গ. уше́дший [উশেৎশীয়] প্রস্থিত; уме́рший [উমেরশীয়] মৃত।
 প্রগতি ষ্য. прогрéсс [প্রাগ্রেস্‌স্‌] অগ্র-গতি, উন্নততর অবস্থাপ্রাপ্ত (অর্থনৈতিক ~, বৈজ্ঞানিক ~)।
 প্রগতিশীল গ. прогрéссивный [প্রাগ্রিস্-সিভ্‌নীয়] অগ্রগতিশীল, উন্নততর অবস্থা-প্রাপ্ত হওয়া বাহার স্বভাব (~ লেখক)।
 প্রগল্ভ গ. на́глый [নাগলীয়], дерз-кий [দেরস্কিয়] নিলঙ্জ, ধৃষ্ট; нахо́дчивый [নাহোৎচিবীয়] অকুণ্ঠিত,

সপ্রতিভ; болтливый [বাল্‌লিবীয়] বাচাল, যে অসঙ্কেচে বলে।
 প্রগল্ভতা ষ্য. на́глость [নাগলস্ত'], дерзость [দের্‌জস্ত'] নিলঙ্জতা, ধৃষ্টতা; нахо́дчивость [নাহোৎচিবস্ত'] প্রতুৎপন্নমত্তা; болтливость [বাল্‌লিব-স্ত'] বাচালতা।
 প্রগাঢ় গ. глубо́кий [গ্লুবোকীয়] অতিশয় গাঢ় (~ বিদ্যা, ~ বিশ্বাস)।
 প্রগ্রহ, প্রগ্রহ ষ্য. пово́дья [পাভোদ'য়া], во́жжи [ভোঝ্‌ঝী] লাগাম, বলগা; верёвка [ভিরেয়ফ্‌কা] বাঁধবার দড়ি।
 প্রচণ্ড গ. си́льный [সিল'নীয়] (~ ঝড়, ~ আক্রমণ), бу́рный [বুর্নীয়] (~ হাততালি) প্রবল, অত্যন্ত বেগপূর্ণ; гро́зный [গ্রোজ্‌নীয়] ভীষণ (~ মূর্তি)।
 প্রচয় ষ্য. скоплéние [স্কাপ্‌লেনিয়ে], ма́сса [মাস্‌সা] সমূহ, সংগ্রহ, সমষ্টি (ফলপ্ৰস্প্রচয়)।
 প্রচল গ. распро́странённый [রস্‌প্রস্‌ত্রান্যোনীয়], обы́чный [আবীচনীয়] প্রচলিত, চাল; — ষ্য. обыкнове́ние [আবীক্‌নোভেনিয়ে], обы́чай [আবী-চিয়] প্রচলিত রীতি।
 প্রচলন ষ্য. проведéние в жизнь [প্রভি-দেনিয়ে ভ্‌ঝীজ্‌'ন'], распро́странéние [রস্‌প্রস্‌ত্রানেনিয়ে] প্রবর্তন, চালান, প্রচার (আইন ~, নূতন মতের ~); внедрéние [ভ্‌নিদ্রেনিয়ে] চালুকরণ (নূতন পদ্ধতির ~); хо́ждение [হোঝ্‌'দেনিয়ে], употре́бление [উপত্রিবলেনিয়ে] চলন, ব্যবহার (স্বৰ্গমুদ্রার ~, সেকেলে গহনার ~ নাই)।
 প্রচলিত গ. распро́странённый [রস্-প্রস্‌ত্রানোনীয়] (~ মতবাদ, ~ ফ্যাশন), хо́дичий [হোদ্যিচিয়] (~ বুলি) বাহার চলন হইয়াছে, চলতি, চাল; внедрéнный [ভ্‌নিদ্রোনীয়] যাহা প্রচলিত করা হইয়াছে (উৎপাদনে ~ নতুন পদ্ধতি); употре́бительный [উপত্রিবিতল'-নীয়], общепри́нятый [আপ্‌শিয়্যাপ্রি-

নিতীয়। সাধারণ ব্যবহারযোগ্য, উপযোগী, চালু (চীকৎসার ~ পদ্ধতি)।

প্রচার য়. проповѣдованіе [প্রপাভেদভানিয়ে] (ধর্মের ~), пропагáнда [প্রপাগান্দা] (সাম্রাজ্যবাদের ~), агитáция [আগিতাত্য়িয়া] (ধর্মঘণ্টের ~) কোন কর্ম বা মতবাদাদির স্বপক্ষে লোক সংগ্রহের জন্য আলোচন, কথন, লিখন, ভাষণাদি; оглашѣніе [আগ্লাশেনিয়ে], оглáска [আগ্লাস্কা] সর্বসাধারণকে জানান, রটনা (কথাটা ~ করে দাও); распространѣніе [রস্প্রশ্চানেনিয়ে] প্রচলন, ব্যাপক ব্যবহার (সংবাদপত্রের বহুল ~)।

প্রচারক য়. пропагандист [প্রপাগান্দিস্ত], агитáтор [আগিতাতর্] যে প্রচার করে, প্রচারকারী।

প্রচারণ, প্রচারণা য়. ведѣніе пропагáнды [ভেদেনিয়ে প্রপাগান্দী], проповѣдованіе [প্রপাভেদভানিয়ে] প্রচারের কাজ, প্রচারিত করণ।

প্রচারপত্র য়. листóвка [লিস্তোফ্কা] ঘোষণা বা প্রচারের জন্য লিখিত বা মুদ্রিত কাগজ।

প্রচারমূলক গ. пропагандистский [প্রপাগান্দিস্কিক্য়] কোনও বিশেষ মত প্রচারের উদ্দেশ্যে কৃত।

প্রচারিত গ. пропагандируемый [প্রপাগান্দিরুয়িমীয়] যাহা প্রচার করা হইয়াছে; распространѣнный [রস্প্রশ্চানোনোনীয়] প্রচলিত (~ কাগজপত্র)।

প্রচুর গ. обильный [আবিলনীয়] যথেষ্ট, পর্যাপ্ত (~ ফসল); многочисленный [ম্নগাচিস্লিনীয়] অনেক, ঢের।

প্রচেষ্টা য়. усѣрдіе [উসের্দিয়ে] বিশেষভাবে চেষ্টা, অধ্যবসায়; усíлія [উসিলিয়া] মিলিত প্রয়াস, বহু লোকের চেষ্টা।

প্রচ্ছদ য়. покрьітіе [পাক্রীতিয়ে], покрóв [পাক্রোভ] আবরণ, আচ্ছাদন।

প্রচ্ছদপট য়. покрьівало [পক্রীভাল] আবরণবস্ত্র; обложка [আবলোশ্কা] মলাট (পুস্তকের ~)।

প্রচ্ছন্ন গ. скрьітый [স্ক্রীতীয়]

লুক্কায়িত, গুপ্ত; покрьітый [পাক্রীতীয়] আবৃত।

প্রচ্ছাদন য়. покрьівáніе [পক্রীভানিয়ে] আচ্ছাদন, আবরণ; покрьівáло [পক্রীভাল] উত্তরীয়বস্ত্র, আবরণবস্ত্র।

প্রচ্ছাদিত গ. покрьітый [পাক্রীতীয়] আবৃত, আচ্ছাদিত।

প্রচ্ছায়া য়. тѣнь [তেন'] নিবিড় ছায়া বা ছায়াময় স্থান।

প্রজন য়. оплодотворѣніе [আপ্লদভোরেনিয়ে] গবাদি পশুর গর্ভসংগার করানো।

প্রজনন য়. производѣніе потомства [প্রইজ্ভেদেনিয়ে পাতোম্স্তভা] সন্তানোৎপাদন; рождѣніе [রাখ্ভেদেনিয়ে] প্রসব, জন্মদান।

প্রজা য়. по́дданный [পোদ্দনীয়] রাষ্ট্র বা জমিদারির শাসনাধীন লোক; арендáтор [আরিন্দাতর্] কর দিয়ে যে জমি ভোগ করে, রায়ত; живóе существó [ঝীভোয়ে স্দৃশ্যিস্তভো] প্রাণী; нарóд [নারোদ্] জনসাধারণ।

প্রজাত গ. рождѣнный [রাখ্ভেদোনীয়], производѣнный [প্রইজ্ভেদোনীয়] উৎপন্ন।

প্রজাতন্ত্র য়. республіка [রিস্পুব্লিকা] প্রজাদের দ্বারা পরিচালিত শাসনব্যবস্থা।

প্রজাতন্ত্রী য়. республикáнец [রিস্পুব্লিকানিন্ৎস্] প্রজাতন্ত্রে বিশ্বাসী।

প্রজাতান্ত্রিক গ. республикáнский [রিস্পুব্লিকানস্কিক্য়] প্রজাতন্ত্র সংক্রান্ত।

প্রজাতি য়. вид [ভিদ্], порóда [পারোদা] জীবজগতে জাতির অন্তর্গত বিভাগ।

প্রজাপতি ১ য়. создáтель [সাজ্ভাতিল], творѣц [ত্ভারেৎস্] জীববর্গের স্রষ্টা ও প্রধান পালক, বিধাতা।

প্রজাপতি ২ য়. бáбочка [বাব্চ্কা] রং-বেরঙের সুন্দর পাখা আছে এমন একরকম পতঙ্গ।

প্রজাবিলি য়. сдáча в аренду [জ্ভাচা ভ্ আরেনদ্] খাজনায় জমিদার কত্ক

প্রজ্ঞাকে জমি চাষাবাস করিয়া ভোগ করিবার
অধিকারদানের বন্দোবস্ত।
প্রজ্ঞা য়. мудрость [মুদ্রস্‌ত্‌] উৎকৃষ্ট
বোধশক্তি বা বুদ্ধি; учёность [উচো-
নস্‌ত্‌] তত্ত্বজ্ঞান, গভীর জ্ঞান।
প্রজ্ঞাত ৎ. осознанный [আসোজ্‌নস্মীয়্‌]
বিশেষভাবে জ্ঞাত বা অবগত; знамени-
тый [জ্‌নমিনিতীয়্‌] অতি প্রসিদ্ধ।
প্রজ্ঞাবান ৎ. мудрый [মুদ্ররীয়্‌], учё-
ный [উচোনীয়্‌] যাঁহার গভীর জ্ঞান
আছে।
প্রজ্বলন য়. воспламенение [ভস্‌প্‌মি-
নোনিয়্যে] অতিশয় জ্বলন।
প্রজ্বলিত ৎ. пылающий [পীলায়দ্‌শ্যায়্‌]
জ্বলন্ত, প্রদীপ্ত।
প্রজ্বালন য়. зажёгание [জব্বীগানিয়ে]
প্রজ্বালিত করণ।
প্রজ্বালিত ৎ. зажжённый [জাব্‌ঝোন-
নীয়্‌] যাহা প্রজ্বালিত করা হইয়াছে।
প্রণত ৎ. поклонившийся [পক্লানিফ্-
শিয়স্যায়্‌], кланяющийся [ক্লানিয়দ্-
শ্যায়স্যায়্‌] যে প্রণাম করিয়াছে বা
করিতেছে।
প্রণতি প্রণাম দেখ।
প্রণয় য়. любовь [ল্দুবোভ্‌] প্রেম, ভাল-
বাসা; привязанность [প্রিভ্যাজনস্‌ত্‌]
অনুরাগ, প্রীতি।
প্রণয়ন য়. сочинение [সচিনোনিয়্যে]
পুস্তকাদি রচনা; составление [সস্তাভ্-
লোনিয়্যে], выработка [ভীরবৎকা] রচনা,
নির্মাণ।
প্রণয়িনী য়. любимая [ল্দুবিমায়্যা]
প্রিয়া; любовница [ল্দুবোভ্‌নিৎসা]
প্রেমিকা, উপপত্নী।
প্রণয়ী য়. любимый [ল্দুবিমীয়্‌] প্রিয়;
любовник [ল্দুবোভ্‌নিক্‌] প্রেমিক,
উপপতি।
প্রণাম য়. поклон [পাক্লোন্‌] প্রণতি,
ভূমিতে মস্তক বা কপালে যদ্‌স্তকর স্পর্শ
করিয়া নমস্‌কার।
প্রণালী য়. канáл [কানাল্‌] জলনালী;
пролив [প্রালিভ্‌] যে সংকীর্ণ জলভাগ

দুই বৃহৎ জলভাগকে সংযুক্ত করে; си-
сте́ма [সিস্তেমা], ме́тод [মেতদ্‌]
ধারা, রীতি, পদ্ধতি (শাসনের ~)।
প্রণাশ য়. гибель [গিবিল্‌], смерть
[স্মের্‌ৎ] বিনাশ, মৃত্যু, লয়।
প্রণিধান য়. внима́ние [ভ্‌নিমানিয়ে]
অভিনিবেশ, মনোনিবেশ (বিষয়টি ~
যোগ্য)।
প্রণিপাত প্রণাম দেখ।
প্রণিহিত ৎ. сосредото́ченный [সন্নি-
দাতোচস্মীয়্‌] অভিনিবন্ধিত, সমাহিত;
пору́ченный [পারুচস্মীয়্‌] অর্পিত।
প্রণীত ৎ. сочи́ненный [সচিত্যোন্মীয়্‌],
созда́нный [সোজ্‌দনীয়্‌] রচিত, কৃত,
নির্মিত।
প্রণেতা য়. сочи́нитель [সচিত্‌নিতিল্‌],
созда́тель [সোজ্‌দাতিল্‌] রচয়িতা,
প্রণয়নকারী (পুস্তক-প্রণেতা, আইন-
প্রণেতা)।
প্রণোদন য়. побужде́ние [পব্‌ঝ্‌দেনিয়্যে]
উৎসাহ দান, প্রেরণা দান, প্ররোচন।
প্রণোদিত ৎ. побужде́нный [পব্‌ঝ্‌-
দ্যোন্মীয়্‌] যাহাকে প্রণোদন দেওয়া
হইয়াছে।
প্রতপ্ত ৎ. горя́чий [গার্যাচিয়্‌], раска-
ле́нный [রস্‌কাল্যোন্মীয়্‌] উত্তপ্ত, অত্যন্ত
গরম।
প্রতর্ক য়. сомне́ние [সাম্‌নোনিয়্যে] সংশয়,
সন্দেহ; предполо́жение [প্রিৎপলাঝে-
নিয়্যে] অনুমান; обсужде́ние [আপ্-
স্‌ঝ্‌দেনিয়্যে] বিচার।
প্রতর্ক্য ৎ. обсужда́емый [আপ্‌স্‌ঝ্‌-
দায়মীয়্‌], диску́сионный [দিস্‌-
কুস্‌সিওন্মীয়্‌] যাহা বিচার বা অনুমান
দ্বারা স্থির করিতে পারা যায়।
প্রভাপ য়. мо́шь [মোশ্য্‌] পরাক্রম, প্রচণ্ড
ক্ষমতা; авторите́т [আফ্‌'তিরতেৎ]
প্রভাব; жар [ঝার্‌] উত্তাপ।
প্রভারক য়. обжа́нщик [আব্‌মান্‌শ্যাক্‌]
প্রভারণাকারী, প্রবণ্ডক।
প্রভারণ, **প্রভারণা** য়. обжа́н [আব্‌মান্‌]
প্রবণ্ডনা, ঠকানো, জুয়াচুরি।

প্রতারণার গ. обману́тый [আবমানদায়ী] যাহাকে ঠকানো হইয়াছে, প্রবঞ্চিত।

প্রতি ১ গ. ка́ждый [কাঝদায়ী] প্রত্যেক (~ দিন)।

প্রতি ২ অব্য. (পর.) ক [ক্], по направле́нию к [প নপ্রাভলেনিয়দ্ ক্] (গৃহের ~ ধাবন, লক্ষ্যের ~ ধাবিত), ক [ক্], по отноше́нию к [প আৎনাশেনিয়দ্ ক্] (শত্রুর ~ ক্রোধ, দেশের ~ টান) на [না] (স্বাস্থ্যের ~ দৃষ্টি দাও), в сто́рону [ফ্ স্তোরনদ্] (আমার ~ দৃষ্টিপাত) উদ্দেশ্যে, অভিমুখে, দিকে; протíв [প্রোতিভ্] বিরুদ্ধে (শত্রুর ~ শরসন্ধান), о [ও], по отноше́нию к [প আৎনাশেনিয়দ্ ক্], относíтельно [আৎনাসিতল'ন] (আমার ~ স্দৃবিচার) সম্পর্কে, সম্বন্ধে, বিষয়ে।

প্রতিকায় প্রতিমূর্তি দেখ।

প্রতিকার ব্য. противодей́ствие [প্রতিভাদেয়স্থ'ভিয়ে] প্রতিবিধান; предотвраще́ние [প্রদৎভ্রাশ্যেনিয়ে] নিবারণ (রোগের ~, বিপদের ~)।

প্রতিকারক গ. противодей́ствующий [প্রতিভাদেয়স্থ'ভুম্'শিয়য়] যে প্রতিকার করে, প্রতিকর্তা।

প্রতিকূল গ. противоре́чащий [প্রতিভারেচিশিয়য়] বিরুদ্ধ; противный [প্রতিভ'নীয়], противополо́жный [প্রতিভপালোব'নীয়] বিপরীত; вражде́бный [ভ্রাঝ্'দেব'নীয়] শত্রুতাপূর্ণ; неблагоприя́тный [নিব্রগা'প্রিয়াৎনীয়] অননুকূল (~ আবহাওয়া)।

প্রতিকূলতা ব্য. вражде́бность [ভ্রাঝ্'দেব'নস্ত'], неприязнь [নিপ্রিয়াজ'ন] শত্রুতা, বিরুদ্ধতা; неблагоприя́тные усло́вия [নিব্রগা'প্রিয়াৎনীয় উস্লে'ভিয়া] অননুকূল অবস্থা।

প্রতিকূলে অব্য. (পর.) протíв [প্রোতিভ্] বিপক্ষে, বিপরীতে, বিরুদ্ধে (বায়ুর ~, কাহারও ~)।

প্রতিকৃত গ. предотвраще́нный [প্রদৎভ্রাশ্যোন্নীয়] যাহা প্রতিকার করা

হইয়াছে (~ বিপদ); вы́леченный [ভীলিচ্চনীয়] উপশামিত (~ রোল)।

প্রতিকৃতি ব্য. портре́т [পার'ত্রে] প্রতিমূর্তি।

প্রতিক্রিয়া ব্য. реа́кция [রিআক্'ৎসিয়া], противодей́ствие [প্রতিভাদেয়স্থ'ভিয়ে] কোনো ক্রিয়ার ফলে ঘটিত বিপরীত ক্রিয়া (ক্রিয়া ও ~ সমান সমান); дей́ствие [দেয়স্থ'ভিয়ে], возде́йствие [ভাজ্'দেয়স্থ'ভিয়ে] ক্রিয়া, কিছু প্রয়োগজনিত আশু পরিণাম (ঔষধের ~); реа́кция [রিআক্'ৎসিয়া] প্রগতি-বিরুদ্ধ আচরণ বা শক্তি (প্রতিক্রিয়ার শাসন)।

প্রতিক্রিয়াশীল গ. реакцио́нный [রিআক্'ৎসোন্নীয়] প্রগতির বিরোধী।

প্রতিক্রিয়াশীলতা ব্য. реакцио́нность [রিআক্'ৎসোন্নস্ত'] প্রগতিবিরুদ্ধ ক্রিয়া বা আচরণ।

প্রতিক্ষণ ক্রি-গ. ежемину́тно [য়িব্বী'মিনু'ন], постоянно́ [পস্তায়ান] প্রতিমুহূর্তে, সর্বদা।

প্রতিগ্রহ, প্রতিগ্রহণ ব্য. приня́тие [প্রিন্যা'তিয়ে] দানগ্রহণ; согла́сие [সাগ্লা'সিয়ে] স্বীকার।

প্রতিঘ গ. проти́вный [প্রোতিভ'নীয়], противополо́жный [প্রতিভপালোব'নীয়] প্রতিকূল; — ব্য. препятствие [প্রিপ্যাৎস্থ'ভিয়ে] বাধা; гнев [গ্'নেভ্] ক্রোধ।

প্রতিঘাত ব্য. контрудáр [কোন্'রু'উদার'] প্রত্যাঘাত, আঘাতের বিরুদ্ধে আঘাত।

প্রতিঘাতন ব্য. убий́ство [উবিয়'স্ত'ভ] বধ।

প্রতিঘাতী গ. убивáющий [উবিভায়দ্'শিয়য়] যে বধ করে।

প্রতিচ্চিত্র ব্য. репродукция [রিপ্রাদুক্'ৎসিয়া] চিত্রাদির যথাযথ নকল।

প্রতিচ্ছায়া ব্য. отраже́ние [আৎরাঝ্'কেনিয়ে] প্রতিবিম্ব; изображе́ние [ইজ'ব্রাঝ'কেনিয়ে] প্রতিকৃতি; схо́дство [স্'হোৎস্থ'ভ] সাদৃশ্য।

প্রতিজ্ঞা ব্য. кля́тва [ক'ল্যাৎভা] দৃঢ় পণ, শপথ; обеща́ние [আবিষ্যানিয়ে]

প্রতিশ্রুতি, অঙ্গীকার; теорéма [তিআ-
রেমা] (গণিতে) প্রতিপাদ্য বা সম্পাদ্য
বিষয়।
প্রতিজ্ঞাত গ. обéщанный [আবেশানীয়]
অঙ্গীকৃত।
প্রতিতুলনা ষ্য. противопоставлéние
[প্রতিভপস্তাভ্লেনিয়ে] প্রতিস্থাপন।
প্রতিদত্ত গ. óтданный [ওদ্দানীয়]
প্রতাপিত।
প্রতিদান ষ্য. обмéн [আব্‌মেন্] দানের
বিনিময়ে দান; возврат [ভাজ্‌ভ্রাৎ]
প্রতাপণ, ফেরত; отплатá [আৎপ্লাতা]
শোধ।
প্রতিদিন ক্রি-গ. ежéдневно [য়িক্বীদ্-
নেভ্‌ন] রোজ, প্রত্যহ।
প্রতিদ্বন্দ্ব, প্রতিদ্বন্দ্বিতা ষ্য. соперничество
[সাপেরনিচিস্ত্ভ], конкуренция
[কন্‌কুরেন্‌ৎসিয়া] পরস্পর দ্বন্দ্ব, বিরোধ,
প্রতিযোগিতা; соревновáние [সিরভ্-
নাভানিয়ে], кóнкурс [কোন্‌কুর্‌স্]
অপরের সহিত শক্তি-পরীক্ষা বা সমকক্ষতা,
প্রতিযোগিতা।
প্রতিদ্বন্দ্বী গ. соперничающий [সাপের-
নিচিয়্‌শিয়্য] যে প্রতিদ্বন্দ্বিতা করে; —
ষ্য. соперник [সাপেরনিক্], кон-
курéнт [কন্‌কুরেস্ত্] প্রতিদ্বন্দ্বকারী,
প্রতিযোগী।
প্রতিধ্বনি ষ্য. óтзвук [ওদ্‌জ্‌ভুক্], óхо
[এহ] শব্দ প্রতিহত হইয়া যে শব্দ সৃষ্টি
করে, অনুরূপ ধ্বনি।
প্রতিনিধি ষ্য. представителъ [প্রৎস্তা-
ভিতল্], делегáт [দিলগাৎ] যে
অপরের হইয়া কাজ করে, ডেলিগেট।
প্রতিনিধিত্ব ষ্য. представителъство
[প্রৎস্তাভিতল্‌স্ত্ভ] প্রতিনিধির কাজ
অবস্থা অধিকার ইত্যাদি।
প্রতিনিধিদল ষ্য. делегáция [দিলগা-
ৎসিয়া] প্রতিনিধিদের দল, প্রতিনিধিমণ্ডল।
প্রতিনিবৃত্ত গ. возвращéнный [ভজ্‌ভ্রা-
শ্যোমীয়] প্রত্যাবৃত্ত; остановлéнный
[অস্তানোভল্লিমীয়] বিরত, নিরস্ত।
প্রতিনিবৃত্তি ষ্য. возвращéние [ভজ্‌-

ভ্রাশ্যোনিয়ে] প্রত্যাবর্তন; прекращéние
[প্রক্রাশ্যোনিয়ে] বিরত, নিরস্ত হওয়া।
প্রতিনিয়ত ক্রি-গ. постóянно [পস্তায়ান্]
সকল সময়ে, সর্বদা, প্রতি মূহূর্তে (~
দৃশিস্তা করা)।
প্রতিপক্ষ ষ্য. оппозиция [আপ্‌পাজ্-
ৎসিয়া] বিরোধী পক্ষ, বিরোধী দল;
противник [প্রাতিভ্‌নিক্] প্রতিবাদী,
শত্রু।
প্রতিপক্ষীয় গ. оппозиционный [আপ্‌-
পাজ্‌ৎসওয়ীয়], противный [প্রাতিভ্-
নীয়] বিরোধী দলের, বিরুদ্ধ।
প্রতিপত্তি ষ্য. авторитét [আফ্‌তীরতেৎ]
সম্মান, প্রভাব, প্রতিষ্ঠা।
প্রতিপত্তিশালী গ. авторитетный [আফ্-
তীরতেৎনীয়] বাহার প্রভাব-প্রতিষ্ঠা
আছে।
প্রতিপদে на кáждом шагú [না কাঝ্-
দম্‌ শাগদ্] পদে পদে।
প্রতিপন্ন গ. докáзанный [দাকাজ্‌মীয়]
প্রমাণসিদ্ধ, যুক্তিস্বারা সমর্থিত ও
মীমাংসিত।
প্রতিপাদক গ. докáзывающий [দাকা-
জ্‌ভিয়্‌শিয়্য] যে প্রতিপাদন করে।
প্রতিপাদন ষ্য. докáзывание [দাকাজ্‌-
ভিনিয়ে] প্রমাণিত করণ, প্রতিপন্ন করণ।
প্রতিপাদিত গ. докáзанный [দাকাজ্‌-
নীয়] যাহা প্রতিপাদন করা হইয়াছে।
প্রতিপাদ্য গ. подлежащий докáзá-
тельству [পদ্‌লিব্বাশিয়্য দকাজাতল্-
স্ত্ভ] প্রতিপাদনযোগ্য।
প্রতিপালক ষ্য. воспитáтель [ভস্‌প্‌-
তাতিল্] যে পালন করে, পালনকর্তা।
প্রতিপালন ষ্য. воспитáние [ভস্‌প্‌পিতা-
নিয়ে] খাদ্যাদি দিয়া রক্ষণ, পোষণ
(শিশুর ~); выполнéние [ভীপাল্‌-
নিয়ে] রক্ষণ, পূরণ (প্রতিশ্রুতি ~)।
প্রতিপালিত গ. воспитáнный [ভাস্‌প্‌-
তমীয়] যাহাকে প্রতিপালন করা হইয়াছে
(~ ছেলে); выполненный [ভীপল্‌-
নিমীয়] যাহা পূরণ করা হইয়াছে
(নির্দেশ ~ হইয়াছে)।

প্রতিপাল্য পোষ্য দেখ।

প্রতিফল ষ্য. возмѣдие [ভাজ্‌মেজ্‌দিয়ে],
отплата [আৎপ্লাতা] দৃষ্কার্বে'র যোগ্য
ফল, প্রতিশোধ; kára [করা], нака-
зание [নকাজানিয়ে] শাস্তি, সাজা।

প্রতিফলক ষ্য. рефлѣктор [রিফ্‌লেক্-
তর্] যাহাতে আলো ইত্যাদি বিচ্ছুরিত
হয়, যাহা প্রতিফলন ঘটায়।

প্রতিফলন ষ্য. отражѣние [আৎরাঝে-
নিয়ে] আয়না বা আয়নার মতো জিনিসে
পড়িবার ফলে আলোকের বিচ্ছুরণ, প্রতি-
বিস্বপাত।

প্রতিফলিত গ. отражѣнный [আৎরাঝোন্-
নীয়] যাহার প্রতিফলন ঘটয়াছে, প্রতি-
বিস্বিত।

প্রতিবচন প্রতিবাক্য দেখ।

প্রতিবন্ধ গ. преграждѣнный [প্রিগ্রাঝ্-
দ্যোন্নীয়] বাধাপ্রাপ্ত।

প্রতিবন্ধ ষ্য. препятствие [প্রিপ্যাৎস্ত্-
ভিয়ে] বাধা, অন্তরায়।

প্রতিবন্ধক গ. мешающий [মিশায়্‌শিয়্য]
বাধাজনক, পরিপন্থী; — ষ্য. помѣха
[পামেহা] বাধা, অন্তরায়।

প্রতিবন্ধকতা ষ্য. препятствие [প্রিপ্যাৎ-
স্ত্‌ভিয়ে], затруднение [জত্‌রুদ্‌নে-
নিয়ে] বাধাবিঘ্ন, প্রতিকূলতা।

প্রতিবর্তী ষ্য. рефлѣкс [রিফ্‌লেক্‌স্]
রিফ্লেক্স।

প্রতিবল গ. равносильный [রভ্‌নাসিল-
নীয়] সমান শক্তিমান; — ষ্য. сѣлы
протѣвника [সিলী প্রাত্‌ভ্‌নিকা]
শত্রুপক্ষীয় সৈন্য।

প্রতিবাক্য ষ্য. отвѣтъ [আৎভেৎ] উত্তর,
প্রত্যুত্তর; возражение [ভজ্‌রাঝে'নিয়ে]
প্রতিকূল বাক্য; синоним [সিনোনিম্]
সমানার্থক বাক্য।

প্রতিবাদ ষ্য. опровержение [আপ্রভির্-
ঝে'নিয়ে] খণ্ডনের জন্য প্রত্যাঙ্ক; про-
тѣст [প্রাতেস্ত্] আপত্তিঞ্জ্ঞাপন।

প্রতিবাদী গ. опровергающий [আপ্র-
ভির্গায়্‌শিয়্য] প্রতেষ্ট্যুয়ী [প্র-
তিস্ত্‌য়ু'শিয়্য] যে প্রতিবাদ করে; — ষ্য.

отвѣтчик [আৎভেৎ'চিক্] আসামী,
প্রত্যাখী, বাদীর বিরোধী পক্ষ।

প্রতিবাসী গ. сосѣдний [সাসেদ'নিয়্],
যাহা নিকটে থাকে; — ষ্য. сосѣд
[সাসেদ্] প্রতিবেশী, পড়শী।

প্রতিবিধান প্রতিকার দেখ।

প্রতিবিধেয় গ. предотвратимый [প্রি-
দৎভ্রাতিমীয়] প্রতিবিধানযোগ্য।

প্রতিবিপ্লব ষ্য. контрреволюция [কন্‌হ্-
রিভাল'্যুৎসিয়া] বিপ্লবের ফলাফল নাশের
জন্য প্রতিক্রিয়ার অভিযান বা ক্ষমতা-
লাভ।

প্রতিবিপ্লবী গ. контрреволюционный
[কন্‌হ্‌রিভল'্যুৎসিওন্নিয়্] যে প্রতিবিপ্লব
করে; — ষ্য. контрреволюционер
[কন্‌হ্‌রিভল'্যুৎসআনের্] বিপ্লববিরোধী।

প্রতিবিস্ব ষ্য. отражѣние [আৎরাঝে'নিয়ে]
জল আয়না ইত্যাদিতে প্রতিফলিত আকৃতি
বা চেহারা।

প্রতিবিস্বন ষ্য. отражѣние [আৎরাঝে-
নিয়ে] প্রতিফলন, প্রতিবিস্বপাত।

প্রতিবিস্বিত গ. отражѣнный [আৎরাঝোন্-
নীয়] প্রতিফলিত।

প্রতিবাহিত গ. предотвращѣнный [প্রি-
দৎভ্রাশ্যোন্নীয়] যাহা প্রতিবিধান করা
হইয়াছে।

প্রতিবেদন ষ্য. докладъ [দাক্‌লাদ্] বিবরণী,
রিপোর্ট।

প্রতিবেশ ষ্য. сосѣдство [সাসেৎস্ত্‌ভ]
নিকটবর্তী অন্য লোকের আবাস; окру-
жающая обстановка [আক্‌ঝায়্‌দ-
শিয়্যা আপ্‌স্থানোফ্‌কা], средá [স্‌রি-
দা] চতুর্দিক্‌বর্তী বিষয়, পরিবেষ্টন,
পারিপার্শ্বিক অবস্থা।

প্রতিবেশী প্রতিবাসী দেখ।

প্রতিভা ষ্য. сиряние [সিয়ানিয়ে] প্রভা,
দীপ্ত; талант [তালান্ত্], гѣний [গে-
নিয়্] অসামান্য সৃজনী শক্তি, অসাধারণ
বুদ্ধি বা কাব্যক্ষমতা।

প্রতিভাত গ. освѣщенный [আস্‌ভ্‌শ্যোন্-
নীয়] উদ্ভাসিত, আলোকিত; явный
[য়ান্‌নীয়] স্পষ্টরূপে ব্যক্ত, প্রকাশিত;

отражённый [আংরাঝোনীয়] প্রতিফলিত।
 প্রতিভাবান, প্রতিভাশালী г. талантливый [তলাস্ত্‌লিতীয়], гениальный [গিনিআল'নীয়] যাহার প্রতিভা আছে, প্রতিভার অধিকারী (~ ব্যক্তি)।
 প্রতিভাসিত г. освещённый [আস্‌ভিশ্যোনীয়] আলোকিত, প্রদীপ্ত।
 প্রতিভূ য়. представитель [প্রিৎস্তাভিতিল] প্রতিনিধি; агент [আগেস্ত্‌] জামিন।
 -প্রতিম্ব পদóбный [পাদোব্‌নীয়] তুল্য, সদৃশ (পিতৃপ্রতিম, সোদরপ্রতিম)।
 প্রতিমা য়. изображение [ইজরাঝে'নিয়ে], óбраз [ওরাজ্‌] প্রতিমূর্তি; и́дол [ইদল্‌] পূজার উদ্দেশ্যে নিৰ্মিত মূর্তি, বিগ্রহ; воплощение [ভপ্‌লাশ্যোনিয়ে], олицетворение [আলিৎসেংভারোনিয়ে] মূর্ত প্রকাশ (প্রীতি ~)।
 প্রতিমাপূজক য়. идолопоклонник [ইদলপাক্‌কোনিক] পৌত্তলিক, মূর্তিপূজক।
 প্রতিমাপূজা য়. идолопоклонство [ইদলপাক্‌কোনিস্ত্‌ভ] মূর্তিপূজা, পৌত্তলিকতা।
 প্রতিমুখ г. находящийся перед [নহাদ্যাশিয়'স্য্য পেরিদ্‌] সম্মুখ, অভিমুখ।
 প্রতিমূর্তি য়. изображение [ইজরাঝে'নিয়ে], портрёт [পার'ত্রেৎ], статуя [স্তাতুয়া] প্রতিকৃতি, অনূরূপ চেহারা; óбраз [ওরাজ্‌], тип [তিপ্‌] প্রতিরূপ; воплощение [ভপ্‌লাশ্যোনিয়ে], олицетворение [আলিৎসেংভারোনিয়ে] মূর্ত প্রকাশ, মূর্তরূপ (দয়ার ~, বীরত্বের ~)।
 প্রতিযোগ প্রতিদ্বন্দ্ব দেখ।
 প্রতিযোগতা প্রতিদ্বন্দ্বতা দেখ।
 প্রতিযোগী প্রতিদ্বন্দ্বী দেখ।
 প্রতিরক্ষা য়. оборóна [আবারোনা] শত্রুর আক্রমণ হইতে রক্ষা, আশ্রয়রক্ষা।
 প্রতিরক্ষামূলক г. оборонительный [আবরানিতল'নীয়] আশ্রয়রক্ষামূলক।

প্রতিরুদ্ধ г. преграждённый [প্রিগ্রাঝ্‌-দ্যোনীয়] প্রতিবন্ধ, বাধাপ্রাপ্ত; от-
 ражённый [আংরাঝোনীয়], отбру-
 шенный [আদ্‌রোশীনীয়] যাহা
 প্রতিরোধ করা হইয়াছে (~ আঘাত)।
 প্রতিরূপ г. сходный [স্‌হোদ'নীয়],
 подóбный [পাদোব্‌নীয়] সদৃশ,
 তুল্য; — য়. изображение [ইজরাঝে-
 নিয়ে], óбраз [ওরাজ্‌] প্রতিমূর্তি;
 подóбие [পাদোবিয়ে], сходство
 [স্‌হোৎস্ত্‌ভ], ко́пия [কোপিয়া] সাদৃশ্য
 (সে তার বাবার ~)।
 প্রতিরোধ য়. сопротивление [সপ্রতিভ্-
 লোনিয়ে], противодéйствие [প্রতিভা-
 দেয়'স্ত্‌ভিয়ে] নিবারণ, বাধাদান; от-
 ражение [আংরাঝোনিয়ে], защита
 от нападения [জাশিয়াতা আং নপাদে-
 নিয়া] নিরোধ (অক্রমণ ~); помéха
 [পামেহা] প্রতিবন্ধ, ব্যাঘাত।
 প্রতিরোধক প্রতিরোধী দেখ।
 প্রতিরোধিত প্রতিরুদ্ধ দেখ।
 প্রতিরোধী г. препятствующий [প্রি-
 প্যাৎস্ত্‌ভুয়'শিয়াম্‌] যে বা যাহা প্রতিরোধ
 করে।
 প্রতিলাপি য়. ко́пия [কোপিয়া] লেখা
 চিত্র ইত্যাদির নকল।
 প্রতিলোম্ব গ. нера́вный [নিরাভ্‌নীয়],
 противорéчащий обы́чаям [প্রতি-
 ভারিচ'শিয়াম্‌ আৰ্বীচিয়াম্‌] বিপরীত,
 উলটা (~ বিবাহ)।
 প্রতিশব্দ য়. сино́ним [সিনোনিম্‌] তুল্য
 অর্থ স্‌চক শব্দ, সমনাম; óхо [এহ]
 প্রতিধ্বনি।
 প্রতিশোধ য়. месть [মেস্ত্‌], отплатá
 [আৎপ্লাতা], рева́нш [রিভানশ্‌]
 অন্যায়কারীর অনিন্দ'স্বাধন, প্রতিহিংসা।
 প্রতিশোধকারী г. реванши́стский [রি-
 ভান'শীস্‌স্কিকিয়্‌] যে প্রতিশোধ নেয়; —
 য়. реванши́ст [রিভান'শীস্‌] প্রতি-
 হিংসাকারী।
 প্রতিশোধিত গ. отомше́нный [অতাম্-
 শ্যোনীয়] প্রতিহিংসিত।

প্রতিশ্রুত গ. обещанный [আবোশ্যন্নীয়্] অঙ্গীকৃত (~ বিষয়); обещавший [আবিশ্যাক্ শীয়্] অঙ্গীকারবদ্ধ।
প্রতিশ্রুতি ষ্য. обещание [আবিশ্যানিয়ে] অঙ্গীকার, প্রতিজ্ঞা।
প্রতিষিদ্ধ গ. запрещённый [জাপ্রশ্যোন্-নীয়্] নিষিদ্ধ; предотвращённый [প্রদৎপ্রাশ্যোন্নীয়্] নিবারণিত।
প্রতিষেধ ষ্য. запрет [জাপ্রেং] নিষেধ; предотвращение [প্রদৎপ্রাশ্যোনিয়্যে] নিরোধ, নিবারণ (রোগ ~)।
প্রতিষেধক গ. запрещающий [জাপ্রশ্যায়্ শীয়্] নিষেধক; предотвращающий [প্রদৎপ্রাশ্যায়্ শীয়্], предохраняющий [প্রদহ্ রান্যায়্ শীয়্] নিবারণক, যাহা ঘটতে দেয় না (রোগের ~ ঔষধ, ~ ব্যবস্থা)।
প্রতিষেস্ত ষ্য. препятствие [প্রিপ্যাৎস্ত্-ভিয়ে] বাধা, অন্তরায়।
প্রতিষ্ঠা ষ্য. учреждение [উচ্চরিক্ দে-নিয়্যে] (বিদ্যালয় ~), создание [সাজ্ দানিয়ে] (রাষ্ট্র ~) সংস্থাপন; известность [ইজ্ ভেসেনস্ত্] প্রতিপত্তি, খ্যাতি।
প্রতিষ্ঠাতা ষ্য. основатель [আসনাভা-তিল্] যে প্রতিষ্ঠা করে, সংস্থাপক।
প্রতিষ্ঠান ষ্য. создание [সাজ্ দানিয়ে], установление [উস্তনাভ্ লেনিয়ে] সংস্থাপন; учреждение [উচ্চরিক্ দে-নিয়্যে]; организация [আর্গানিজা-ৎসিয়া], предприятие [প্রিৎপ্রিয়াতিয়্যে] কোনও কর্ম সাধনের জন্য সংগঠিত উদ্যোগ, সমিতি ইত্যাদি এবং তাহার আলয়, সংস্থা।
প্রতিষ্ঠান্ভবত, প্রতিষ্ঠাবান গ. знаменитый [জ্ নমিনিতীয়্] যাহার প্রতিষ্ঠা বা সম্মানপ্রতিপত্তি আছে।
প্রতিষ্ঠিত গ. учреждённый [উচ্চরিক্-দোন্নীয়্], установленный [উস্তনাভ্ লিন্নীয়্] সংস্থাপিত, স্থাপিত (~ সংস্থা, ~ বিগ্রহ); знаменитый

[জ্ নমিনিতীয়্] প্রতিপত্তিশালী, প্রতিষ্ঠাবান।
প্রতিসংহার ষ্য. сдерживание [জ্ দের্-ক্বীভানিয়ে] সংবরণ, নিবর্তন।
প্রতিসংহত গ. сдержанный [জ্ দের্-ক্বীন্নীয়্] নিবর্তিত, সংযমী।
প্রতিসরণ ষ্য. преломление [প্রিলাম্-লেনিয়ে] (পদার্থবিদ্যায়) এক স্বচ্ছ বস্তু হইতে অন্য স্বচ্ছ বস্তুতে প্রবিষ্ট আলোক ইত্যাদি রশ্মির ভঙ্গ।
প্রতিহত গ. воспрепятствованный [ভস্ প্রিপ্যাৎস্ত্ ভন্নীয়্] বাধাপ্রাপ্ত, ব্যাহত; отражённый [আংরাংকোন্নীয়্] (~ আঘাত), отброшенный [আদ্-রোশীন্নীয়্] (আক্রমণ ~ হল) নিরুদ্ধ।
প্রতিহার ষ্য. отклонение [আংক্লোনিয়ে], отказ [আংকাজ্] পরিহার, বর্জন; ответный удар [আংভেৎনীয়্ উদার] প্রত্যঘাত; дверь [দ্ ভের্] দ্বার।
প্রতিহারী ষ্য. привратник [প্রিভ্রাৎনিক্] দ্বারপাল।
প্রতিহার্ষ গ. неприемлемый [নিপ্রিয়েম্-লিনীয়্] পরিহার্ষ, বর্জনীয়।
প্রতিহংসা প্রতিশোধ দেখ।
প্রতিহংসাপরায়ণ গ. жаждущий мести [ঝাঝ্ দ্ শীয়্ মেস্তি], реваншистский [রিভান্ শীস্ স্কিক্] প্রতিহংসা লওয়া যাহার স্বভাব, যে প্রতিহংসা লইতে ভালোবাসে।
প্রতীক ষ্য. орган [ওর্গান্] অবয়ব, অঙ্গ; символ [সিম্ ভল্] চিহ্ন, সংকেত।
প্রতীক্ষমাণ গ. ожидающий [আক্বীদায়্-শীয়্] যে প্রতীক্ষা করিয়া আছে, প্রতীক্ষাকারী।
প্রতীক্ষা ষ্য. ожидание [আক্বীদানিয়ে] অপেক্ষা, প্রত্যাশা।
প্রতীক্ষিত, প্রতীক্ষমাণ গ. ожидаемый [আক্বীদায়িমীয়্] যাহার জন্য প্রতীক্ষা করা হইয়াছে বা হইতেছে।
প্রতীচী ষ্য. záпад [জাপদ্] পশ্চিম দিক।
প্রতীচীন, প্রতীচ গ. záпадный [জাপদ্-নীয়্] পাশ্চাত্য (~ সভ্যতা)।

প্রতীত **в.** воспринятый [ভাস্প্রিন-
তীয়] অনুভূত, জ্ঞাত; убеждённый
[উবিব্দ্দোম্যীয়] যাহার বিশ্বাস
জন্মিয়াছে।

প্রতীত **в.** восприятие [ভস্প্রিয়াতয়ে]
উপলব্ধি, বোধ; убеждение [উবিব্দ্দে-
নিয়ে] বিশ্বাস, প্রত্যয়।

প্রতীপ **в.** противоположный [প্রতিভ-
পালোকনীয়], противный [প্রতিভ-
নীয়] বিপরীত, প্রতিকূল।

প্রতীমান **в.** воспринимаемый [ভস্প্রি-
মানিয়ায়ম্যীয়], очевидный [আচি-
ভিদনীয়] যাহা অনুভূত বা জ্ঞাত
হইতেছে।

প্রতুল **в.** обильный [আবিবলনীয়]
প্রচুর; — **в.** обилие [আবিবলিয়ে]
প্রাচুর্য; процветание [প্রৎসভিতা-
নিয়ে] প্রীবিকি।

প্রত্ন **в.** древний [দ্রেভনীয়], старин-
ный [স্তারিনীয়] প্রাচীন।

প্রত্নতত্ত্ব **в.** археология [আর্হিআলো-
গিয়া] প্রাচীন ধৎসাবশেষ, লিপি, মন্দির
ইত্যাদি হইতে তথ্য নির্ণয়ের বিদ্যা।

প্রত্নতত্ত্ববিৎ **в.** археолог [আর্হিওলগ্]
প্রত্নতত্ত্বে পণ্ডিত।

প্রত্নতাত্ত্বিক **в.** археологический [আর্-
হিআলোগিচস্কিকয়] প্রত্নতত্ত্ব সংক্রান্ত; —
в. археолог [আর্হিওলগ্] প্রত্নতত্ত্বে
পণ্ডিত।

প্রত্নবিৎ প্রত্নতত্ত্ববিৎ দেখ।

প্রত্নবিদ্যা প্রত্নতত্ত্ব দেখ।

প্রত্যক্ষ **в.** видимый [ভিদিমীয়], оче-
видный [আচিভিদনীয়] দৃষ্টিগোচর,
ইন্দ্রিয়গোচর, দৃশ্য; прямой [প্রিমোয়],
непосредственный [নিপাস্রেভস্ত্ভিন-
নীয়] পরোক্ষ নয়, সোজা (~
প্রমাণ)।

প্রত্যক্ষদর্শী, প্রত্যক্ষী **в.** очевидец [আচি-
ভিদিৎস], свидетель [স্ভিদিতেল']
প্রত্যক্ষকারী, সাক্ষ্যে দ্রষ্টা, সাক্ষী।

প্রত্যঙ্গ **в.** члены тела [চলেনী তেলা]
হস্ত পদ নাসিকা কর্ণ প্রভৃতি অবয়ব;

прида́ток [প্রিদাতক্] শাখা অঙ্গ, ক্ষুদ্র
অঙ্গ, উপাদ।

প্রত্যন্ত **в.** граничащий [গ্রানিচিশ্যয়],
о́кра́нный [আক্রাইন্নীয়] প্রান্তবর্তী,
সীমান্তবর্তী; — **в.** граница [গ্রানি-
ৎসা], о́кра́нна [আক্রাইনা] প্রান্তদেশ,
সীমান্ত অঞ্চল।

প্রত্যবায় **в.** грех [গ্রেহ্] পাপ; зло-
дея́ние [জুল্দিয়ানিয়ে] অনিষ্ট।

প্রত্যবজ্ঞান প্রত্যভিজ্ঞা দেখ।

প্রত্যবেক্ষণ **в.** наблюдение [নব্ল্যুদে-
নিয়ে] তত্ত্বাবধান; по́иски [পোইস্কি]
অনুসন্ধান।

প্রত্যভিজ্ঞা **в.** узнавание [উজ্ণানাভানিয়ে]
ইহাকে পূর্বে জানিতাম এই জ্ঞান, চেনা।

প্রত্যভিবাদন **в.** взаимное привётствие
[ভ্জাইম্নয়ে প্রিভেৎস্ত্ভিয়ে] অভি-
বাদনের উত্তরে অভিবাদন, প্রতিনমস্কার।

প্রত্যভিযোগ **в.** встречное обвинение
[ফ্‌স্‌ব্রেচনেয়ে আর্ভিভেনিয়ে] অভিযো-
গের বিরুদ্ধে অভিযোগ, পাল্টা নালিশ।

প্রত্যয় **в.** véра [ভেরা], уве́ренность
[উভেওরেন্নস্ত্] বিশ্বাস, নিশ্চয়জ্ঞান, প্রতীতি;
а́бсолю́т [আফ্‌ফিফ্‌স্], а́бсолю́т
[স্‌ফ্‌ফিফ্‌স্] (ব্যাকরণে) শব্দ বা ধাতুর

উত্তর যে শব্দাংশ যোগ হইয়া বিশেষ অর্থ
উৎপন্ন করে।

প্রত্যয়জনক **в.** убедительный [উবিদি-
তিলনীয়], ве́ский [ভেস্কিকয়] বিশ্বাস-
সজনক (~ যুক্ত)।

প্রত্যয়িত **в.** ве́рный [ভেরনীয়], за-
слу́живающий до́верия [জাস্ল্-
ঝীভায়্‌দিশ্যয় দাভেওরিয়া] বিশ্বস্ত।

প্রত্যয়ী **в.** ве́рящий [ভেওরিশিয়] বিশ্বাস-
কারী; заслу́живающий до́верия
[জাস্ল্‌ঝীভায়্‌দিশ্যয় দাভেওরিয়া] বিশ্বাস-
ভাজন।

প্রত্যর্থী **в.** отве́тчик [আৎভেওঁচিক্],
подсу́димый [পৎসুদিমীয়] প্রতিবাদী,
আসামী; проти́вник [প্রাতিভিনিক্]
বিপক্ষ।

প্রত্যর্পণ **в.** возвращение [ভ্জ্‌ভ্রাশেণ-

নিয়ে), отдача [আদ্দাচা] ফেরত, প্রতি-
দান।
প্রত্যাৰ্পিত г. возвращённый [ভজ্-ভ্রা-
শ্যোন্নীয়্], отданный [ওদ্দন্নীয়্] যাহা
ফিরাইয়া দেওয়া হইয়াছে।
প্রতাহ крि-ग. ежедневно [স্নিক্বীদনেভ্-ন]
প্রতিদিন, রোজ রোজ।
প্রত্যাখ্যাত г. отвёргнутый [আৎভেৰ্গ্-
নৃতীয়্], отклонённый [আৎক্লোন্যান্-
নীয়্] যাহাকে বা যাহা প্রত্যাখ্যান করা
হইয়াছে।
প্রত্যাখ্যান вь. непри́ятие [নিপ্রিন্যাতিয়ে],
отка́з [আৎকাজ্] অগ্রহণ, অস্বীকার,
নামঞ্জুর।
প্রত্যাগত г. верну́вшийся [ভিন্নরুদ্-
শীয়্-স্যা] যে ফিরায়া আসিয়াছে।
প্রত্যাগমন вь. возвращёние [ভজ্-ভ্রা-
শ্যোনিয়ে] প্রত্যাবর্তন, ফিরায়া আসা।
প্রত্যাঘাত вь. ответный уда́р [আৎভেৎ-
নীয়্ উদার্] আঘাতের পরিবর্তে আঘাত।
প্রত্যাদেশ вь. за́поведь [জাপভিদ্] দৈ-
বদেশ, দৈববাণী; отме́на прика́за
[আৎমেনা প্রিকাজা] পূর্বের আদেশ
বাতিলকরণ।
প্রত্যাবর্তন প্রত্যাগমন দেখ।
প্রত্যাবৃত্ত প্রত্যাগত দেখ।
প্রত্যাশা вь. наде́жда [নাদেব্-দা], ожи-
да́ние [আবীদানিয়ে] কৃতকর্মের ফল-
স্বরূপ বা অন্যের নিকট হইতে কিছ্
পাইবার আশা।
প্রত্যাশিত г. ожида́емый [আবীদায়ি-
মীয়্], желáнный [বীলান্নীয়্] যাহা
পাইবার আশার অপেক্ষা করা হইয়াছে।
প্রত্যাশী г. наде́ющийся [নাদেয়্-শীয়্-
স্যা], ожида́ющий [আবীদায়্-শীয়্]
যে প্রত্যাশা করে।
প্রত্যাসন্ন г. наступа́ющий [নস্তুপায়্-
শীয়্], бли́зкий [ব্লিস্কীয়্] অতি
আসন্ন, নিকটবর্তী।
প্রত্যাহত г. преграждённый [প্রিগ্রাব্-
দ্যোন্নীয়্] বাধাপ্রাপ্ত; отражённый
[আৎরাঝোন্নীয়্], получи́вший отпó

[পল্-দুচ্-শীয়্ আৎপোৰ্] নিবারিত,
বাহত।
প্রত্যাহরণ, **প্রত্যাহার** вь. взя́тие назáд
[ভ্জ্যাতিয়ে নাজাদ্], отка́з [আৎকাজ্]
(উক্তি ~ করা, কথা ~ করা), отме́на
[আৎমেনা] (আদেশ ~ করা, প্রাণদণ্ড ~
করা), вы́вод [ভীভদ্] (সৈন্য ~),
изъя́тие [ইজ্-যাতিয়ে] (নোট ~)
ফিরাইয়া লওয়া।
প্রত্যাহৃত г. взя́тый назáд [ভ্জ্যাতীয়্-
নাজাদ্], отменённый [আৎমেনোন্নীয়্]
(~ কথা); изъя́тый [ইজ্-যাতীয়্]
(বাজার থেকে ~ টাকা) যাহা প্রত্যাহার
করা হইয়াছে।
প্রত্যুক্তি вь. отве́т [আৎভেৎ] কথার জবাব,
উত্তর।
প্রভূজীবন পূনরুজ্জীবন দেখ।
প্রভূত্তর вь. отве́т [আৎভেৎ], возра-
же́ние [ভজ্-রাঝোনিয়ে] উত্তরের উত্তর,
জবাবের জবাব।
প্রভূত্বান вь. вставáние при привёт-
ствии [ফ্-স্তাভানিয়ে প্রি প্ৰিভেৎস্ত্-ভিই]
আগত ব্যক্তির সম্মানার্থে উত্থান।
প্রভূৎপন্ন г. сразу же воспроизве-
дённый [দূ-রাজ্-বী ভস্-প্রইজ্-ভিড্যোন্-
নীয়্] সঙ্গে সঙ্গে উৎপন্ন।
প্রভূৎপন্নমতি г. сообразы́тельный
[সআরাজ্জিতল্-নীয়্] উপস্থিতবুদ্ধিবৃদ্ধ,
যাহার উপস্থিতবুদ্ধি আছে; — вь.
сообразы́тельность [সআরাজ্জিতল্-
নস্ত্] উপস্থিতবুদ্ধি, প্রয়োজনের সঙ্গে সঙ্গে
জাত বুদ্ধি।
প্রভূৎপন্নমতিত্ব вь. сообразы́тельность
[সআরাজ্জিতল্-নস্ত্], смы́шленность
[স্-মীশ্-লোন্নস্ত্] উপস্থিতবুদ্ধি প্রয়োগের
ক্ষমতা।
প্রভূপকার вь. добро́ за добро́ [দাব্-
রো জা দাব্-রো] উপকারের বিনিময়ে
উপকার।
প্রভূপকারী г. платя́щий добро́м за
добро́ [প্রাত্যাশীয়্ দাব্-রোম্ জা দাব্-
রো] যে উপকারীর উপকার করে।

প্রভাষ, প্রত্যুষ ষ্য. утро [উৎর], рассвёт [রাস্‌স্‌ভেৎ] প্রভাত, ভোর, উষা।

প্রত্যেক গ. каждый [কাঝ্‌দীয়্] এক এক করিয়া সকল।

প্রথম গ. первый [পের্‌ভীয়্], началь-
ный [নাচাল'নীয়্] অগ্রে গণ্য, আদ্য;
главный [গ্রাভ'নীয়্] শ্রেষ্ঠ, প্রধান।

প্রথমত ক্রি-গ. внача́ле [ভ্‌নাচালি], во-
пе́рвых [ভা-পের্‌ভীয়্] প্রথম কথা
হিসেবে।

প্রথমে ক্রি-গ. внача́ле [ভ্‌নাচালি],
снача́ла [স্‌নাচালা] গোড়ায়, আগে।

প্রথা ষ্য. обы́чай [আবী'চিয়্] রীতি,
প্রচলিত আচার (সামাজিক ~); система
[সিস্‌তেমা], ме́тод [মেতদ্] নিয়ম,
পদ্ধতি (শিক্ষাদানের ~)।

প্রথিত গ. известный [ইজ্‌ভেস্‌নীয়্]
বিখ্যাত, প্রসিদ্ধ।

প্রথিতনামা, প্রথিতযশা গ. знамени́тый
[জ্‌নামিনতীয়্], широко известный
[শী'রাকো ইজ্‌ভেস্‌নীয়্] যাহার নাম
প্রসিদ্ধ হইয়াছে বা ছড়াইয়া পড়িয়াছে।
-প্রদ даю́щий [দায়্‌দায়্‌শ্যয়্] প্রদাতা, যাহা
দেয় (ফলপ্রদ, ভয়প্রদ)।

প্রদক্ষিণ ষ্য. обхо́д во́круг [আপ্‌হোদ্
ভাকুগ্] পরিক্রমণ, পরিবেষ্টন।

প্রদত্ত গ. да́нный [দান্নীয়্], подá-
ренный [পাদারিনীয়্] সমর্পিত, যাহা
দেওয়া হইয়াছে।

প্রদর্শ ষ্য. экспонат [ইজ্‌পানাৎ] নমুনা,
প্রদর্শিত বস্তু।

প্রদর্শক গ. показывающий [পাকাজী-
ভায়্‌শ্যয়্] যে দেখায়; — ষ্য. экскур-
сово́д [ইজ্‌কুর্‌সভোদ্] যে দেখায়,
গাইড।

প্রদর্শন ষ্য. показ [পাকাজ্], демон-
стра́ция [দিমান্‌স্‌ত্র্যাৎসিয়া] দেখানো,
অপরের সমক্ষে প্রকাশ।

প্রদর্শনশালা প্রদর্শনশালা দেখ।

প্রদর্শনী ষ্য. выставка [ভীস্তাফ্‌কা]
নানারকম উৎকৃষ্ট জিনিস দেখাইবার
উদ্দেশ্যে অনর্শিত্ত মেলা।

প্রদর্শনশালা ষ্য. музéй [মুজ্‌য়েয়্] যাদুঘর,
মিউজিয়াম।

প্রদর্শিত গ. показанный [পাকাজ্ঞীয়্],
продемонстри́рованный {প্রদিমান্-
স্‌ত্রিভন্নীয়্} যাহা দেখানো হইয়াছে।

প্রদাতা প্রদায়ক দেখ।

প্রদান ষ্য. выда́ча [ভীদাচা], разда́ча
[রাজ্‌দাচা] সম্যক্রূপে দান, সমর্পণ,
বিতরণ।

প্রদায়ক, প্রদায়ী গ. даю́щий [দায়্‌দায়্‌শ্যয়্]
প্রদানকারী।

প্রদাহ ষ্য. воспали́ение [ভস্‌পালেনিয়ে]
জ্বালা, প্‌ড়িয়া যাওয়ার মতো বোধ
(ফুসফুসের ~)।

প্রদাহী গ. воспали́тельный [ভস্‌পা-
লিতল'নীয়্] প্রদাহদানকারী, প্রদাহক (~
প্রক্রিয়া)।

প্রদীপ ষ্য. свети́льник [স্‌ভীতিল'নিক্],
лампа́да [লাম'পাদা] পিদিম, দীপ,
বার্ত; свет [স্‌ভেৎ] আলো।

প্রদীপন ষ্য. освеще́ние [আস্‌ভি'শ্যে-
নিয়ে] উজ্জ্বলকরণ; возбужде́ние
[ভজ্‌ব্‌ব্‌দৌনিয়্যে] উদ্দীপন।

প্রদীপ্ত গ. освеще́нный [আস্‌ভি'শ্যো-
নীয়্] প্রখররূপে উজ্জ্বল; зажже́нный
[জাঝ্‌ঝোন্নীয়্] জ্বলন্ত; возбужде́н-
ный [ভজ্‌ব্‌ব্‌দৌন্নীয়্] উদ্দীপিত,
উৎসাহিত।

প্রদীপ্ত গ. высокоме́рный [ভীসকামের্-
নীয়্] অতিদীপ্ত, গর্বিত, উদ্ধত; сме́лый
[স্‌মেলীয়্], бо́йкий [বোয়'কিয়্] (~
জবাব), ры́жий [রায়'কিয়্], живо́й
[ঝীভোয়্] (~ ভাষণ) তেজস্বী।

প্রদেশ ষ্য. провин́ция [প্রাভিন্‌ৎসিয়া],
штат [শ্‌তাৎ] দেশের বা রাষ্ট্রের এক-
একটি প্রধান বিভাগ; о́бласть [ওব্-
লস্ত্], террито́рия [তি'রিতোরিয়া]
অঞ্চল, এলাকা, স্থান।

প্রদোষ ষ্য. ве́чер [ভে'চির্] সন্ধ্যা, সায়ং-
কাল; но́чь [নোচ্] রাত্রি।

প্রদ্যোত ষ্য. блеск [ব্‌লেস্ক্] দীপ্তি,
উজ্জ্বল্য; луч [লুচ্] রশ্মি।

প্রধান গ. главный [প্রাভ্‌নীয়্‌, важ-
нейший [ভাব্‌নেয়্‌শীয়্‌] মূল, শ্রেষ্ঠ,
সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ (~ কাজ, ~
গুণ); — যা. главá [প্রাভা], началь-
ник [নাচাল্‌নিক্‌] দলপতি, সর্দার,
অধ্যক্ষ।

প্রধানত অব্য. главным образом [প্রাভ্‌-
নীয়্‌ ওরাজম্‌] মধ্যত; в особенности
[ভ্‌ আসোবিবস্‌তি] বিশেষত।

প্রধানতা, প্রধানত্ব যা. преобладание [প্রি-
আব্‌লাদানিয়ে] প্রাধান্য, শ্রেষ্ঠতা।

প্রনষ্ট গ. разрушенный [রাজ্‌রুশ্‌নীয়্‌]
বিনষ্ট, ধ্বংসপ্রাপ্ত।

প্রপঞ্চ যা. распространение [রস্‌-প্রস্পা-
নেনিয়ে], расширение [রশ্‌শীরেনিয়ে]
বিস্তার; иллюзия [ইল্‌লুজিয়া], за-
блуждение [জব্‌লুদ্‌নেনিয়ে] মায়,
ভ্রম; обман [আব্‌মান্‌] প্রবঞ্চনা; мир
[মির্‌] সংসার।

প্রপাঞ্চত গ. распространённый [রস্‌-
প্রস্পান্যোনীয়্‌], расширенный [রাশ্‌-
শীরনীয়্‌] বিস্তারিত; иллюзорный
[ইল্‌লুজোরনীয়্‌], обманчивый
[আব্‌মান্‌চিভীয়্‌] মোহপ্রস্তু, ভ্রান্তিযুক্ত।

প্রপাত যা. водопад [ভদাপাদ্‌] জল-
প্রপাত।

প্রপিতামহ যা. прадед [প্রাদেদ্‌], прадé-
душка [প্রাদেদুশ্‌কা] পিতামহের পিতা।

প্রপিতামহী যা. праба́бка [প্রাবাপ্‌কা],
праба́бушка [প্রাবাবুশ্‌কা] পিতা-
মহের মাতা।

প্রপূরণ যা. заполнение [জপাল্‌নেনিয়ে],
наполнение [নপাল্‌নেনিয়ে] পরিপূর্ণ-
করণ; завершение [জাভর্‌শেনিয়ে],
выполнение [ভীপাল্‌নেনিয়ে] সমাপ্তি,
সম্পূর্ণকরণ।

প্রপৌত্র যা. правнук [প্রাভ্‌নুক্‌] পৌত্রের
পুত্র।

প্রপৌত্রী যা. правнучка [প্রাভ্‌নুচ্‌কা]
পৌত্রের কন্যা।

প্রফুল্ল গ. расцветший [রাস্‌ৎস্‌ভেৎশীয়্‌]
বিকশিত, ফোটা (~ কুসুম); радост-

ный [রাদস্‌নীয়্‌] প্রসন্ন, আনন্দিত
(প্রফুল্লচিত্ত); улыбающийся [উলীবা-
য়্‌শায়্‌স্যায়্‌] সহাস্য (~ মৃদু)।

প্রফুল্লতা যা. радость [রাদস্ত্‌] আনন্দিত
ভাব।

প্রফুল্লিত গ. радостный [রাদস্‌নীয়্‌],
весёлый [ভিস্যোলীয়্‌] আনন্দিত, যে
প্রফুল্লতা লাভ করিয়াছে।

প্রফেসর যা. профессор [প্রাফেস্‌সর্‌]
কলেজের অধ্যাপক।

প্রবচন যা. послóвица [পাস্‌লোভিৎসা],
поговóрка [পগাথোর্‌কা] প্রবাদ, সদ-
প্রচলিত উক্তি।

প্রবঞ্চক যা. обманщик [আব্‌মান্‌শিয়্‌ক্‌],
плут [প্লুৎ] প্রতারক, যে ঠকায়।

প্রবঞ্চন, প্রবঞ্চনা যা. обман [আব্‌মান্‌]
প্রতারণা, ঠকানো।

প্রবিশ্লিত গ. обманутый [আব্‌মান্‌তীয়্‌]
প্রতারিত।

প্রবণ গ. склóнный [স্‌ক্লোনীয়্‌], рас-
положенный [রস্‌পালোঝনীয়্‌]
যাহার কোন ঝোঁক স্বাভাবিক টান বা
আসক্তি আছে, প্রবৃত্তিযুক্ত।

প্রবণতা যা. склонность [স্‌ক্লোনস্ত্‌],
расположение [রস্‌পলোঝেনিয়ে] ঝোঁক,
স্বাভাবিক টান, আসক্তি।

প্রবন্ধ যা. статья [স্তাৎ'য়া], очерк
[ওর্‌চির্‌ক্‌] নিবন্ধ, ছোট গদ্যরচনা।

প্রবন্ধকার যা. очеркист [আর্‌চির্‌কিস্‌],
сочинитель [সর্‌চিনিতল্‌] প্রবন্ধের
লেখক।

প্রবর গ. лучший [লুচ্‌শীয়্‌] শ্রেষ্ঠ; —
যা. род [রোদ্‌] গোত্র।

প্রবর্তক গ. проводящий в жизнь
[প্রভাদ্যাশিয়্‌ ভ্‌ স্বীজ্‌ন'ন] প্রচলনকারী,
যে প্রচলিত করে; — যা. основáтель
[আস্‌নাভাতল্‌] যে স্থাপন বা আরম্ভ
করে; организáтор [আর্‌গনিজাতর্‌]
সংগঠক।

প্রবর্তন যা. введение [ভ্‌ভিভেদেনিয়ে],
осуществление [আস্‌শাস্‌ত্‌ভ্‌লে-
নিয়ে] প্রচলিতকরণ, প্রচলন; основáние

[আস্‌নাতানিয়ে], нача́ло [নাচাল] স্থাপন, আরম্ভকরণ, সূচনা।
 প্রবর্তিত গ. предпринятый [প্রিৎপ্রিনতীয়], нача́тый [নাচিতীয়] যাহা প্রবর্তন করা হইয়াছে।
 প্রবল গ. очень сильный [ওচিন' সিল'নীয়] অতিশয় বলশালী (~ শত্রু, ~ কামনা)।
 প্রবলতা প্রাবল্য দেখ।
 প্রবসন য্য. эмиграция [ইমিগ্রাৎসিয়া] স্থায়ীভাবে বাসের জন্য বিদেশগমন।
 প্রবাসিত গ. эмигрировавший [ইমিগ্রি-রভফ্‌শীয়] যে প্রবসন করিয়াছে।
 প্রবহ, প্রবহণ য্য. течение [তিচেনিয়ে], поток [পাতোক্] প্রবাহ।
 প্রবহমান গ. текущий [তিকুশীয়] যাহা বাহিতেছে।
 প্রবাদ য্য. пословица [পাস্লেভিৎসা], поговóрка [পগাভোৰ্কা] প্রবচন; легенда [লিগেন্দা] জনশ্রুতি, কিংবদন্তী।
 প্রবাল ১ য্য. корáлл [কারাল্‌ল্] পলা, একরকম সামুদ্রিক প্রাণী হইতে উৎপন্ন প্রস্তরসদৃশ পদার্থ, বিদ্রুম।
 প্রবাল ২ য্য. ростóк [রাস্তোক্] অঙ্কুর, কিশলয়।
 প্রবাস য্য. жизнь в эмиграции [ঝীজ্'ন' ভ্' ইমিগ্রাৎসিয়] বিদেশে বাস।
 প্রবাসন য্য. эмиграция [ইমিগ্রাৎসিয়া] দেশান্তরগমন; ссы́лка [স্‌সীল্‌কা] নির্বাসন।
 প্রবাসিত গ. со́сланный [সোস্‌লন্নীয়] নির্বাসিত, রাজ্য হইতে নিঃসারিত।
 প্রবাসী য্য. эмигрант [ইমিগ্রাণ্‌ত্] প্রবাসে বাসকারী।
 প্রবাহ য্য. течение [তিচেনিয়ে], ход [হোদ্] স্রোত, ধারা, অবিরাম গতি; ток [তোক্] (পদার্থবিদ্যায়) বিদ্যুৎ।
 প্রবাহিণী গ. теку́щая [তিকুশিয়া] প্রবাহ-যুক্ত; — য্য. река́ [রিকা] নদী।
 প্রবাহিত, প্রবাহী গ. теку́щий [তিকু-শীয়] প্রবাহযুক্ত, যাহা বহে।

প্রবিষ্ট গ. вошедший [ভাশেৎশীয়], проникший [প্রিনক্‌শীয়] যে বা যাহা প্রবেশ করিয়াছে, ঢুকিয়াছে বা ভিতরে গিয়াছে।
 প্রবীণ গ. ста́рый [স্তারীয়] বৃদ্ধ, প্রাচীন; му́дрый [মুদ্রীয়], опы́тный [ওপীৎনীয়] বিচক্ষণ, বহুদর্শী।
 প্রবীণতা, প্রবীণত্ব প্রাবীণ্য দেখ।
 প্রবুদ্ধ গ. зна́ющий [জ্‌নায়্‌শীয়] জ্ঞান-প্রাপ্ত, জ্ঞানী; пробуждённый [প্রবুদ্ধ-দ্যোনীয়] উদ্বুদ্ধ, জাগৃত।
 প্রবৃত্ত গ. занятый [জ্‌নিতোয়] নিযুক্ত, রত; нача́тый [নাচিতীয়], предпри-нятый [প্রিৎপ্রিনতীয়] আরম্ভ।
 প্রবৃত্তি য্য. за́нятость [জানিতস্ত] নিযুক্ত বা রত হওয়া; скло́нность [স্ক্লেন্নস্ত], пристра́стие [প্রিস্‌শ্চাস্তিয়ে] ঝোঁক, অভিভূতি, প্রবণতা।
 প্রবৃদ্ধ গ. очень ста́рый [ওচিন' স্তারীয়], дря́хлый [দ্রায়াহলীয়] অতিশয় বৃদ্ধ।
 প্রবেশ য্য. проникнове́ние [প্রিনক্‌নাবে-নিয়ে], вход [ফ্‌হোদ্] ভিতরে গমন, ঢোকা (গৃহে ~, দুরূহ তত্ত্বে ~); до́ступ [দোস্তুপ্], до́пуск [দোপুস্ক্] ঢুকিবার ক্ষমতা বা অধিকার (এ বিষয়ে তাহার ~ আছে)।
 প্রবেশক গ. входя́щий [ফ্‌হাদ্যায়্‌শীয়], проника́ющий [প্রিনকায়্‌শায়্] যে প্রবেশ করে, প্রবেশকারী।
 প্রবেশদ্বার য্য. вход [ফ্‌হোদ্], дверь [দ্‌ভের'] প্রবেশপথ, ঢুকিবার দ্বার।
 প্রবেশন য্য. вступле́ние [ফ্‌স্তুপ্‌লেনিয়ে], вход [ফ্‌হোদ্] প্রবেশকরণ; вво́д [ভ্‌ভোদ্] ঢুকান।
 প্রবেশাধিকার য্য. до́ступ [দোস্তুপ্], до́пуск [দোপুস্ক্] প্রবেশলাভ, ঢুকিবার অধিকার।
 প্রবেশিকা গ. входно́й [ফ্‌হাদনোয়্‌শীয়], вступи́тельный [ফ্‌স্তুপ্‌তিলা'নীয়] যাহার দ্বারা প্রবেশ করা যায়, প্রবেশলাভের পক্ষে উপযুক্ত (~ পরীক্ষা); — য্য. билéт [বিলেৎ] টিকিট।

প্রবেশিত গ. введённый [ভূভিদ্যোম্যায়্] যাহাকে প্রবেশ করানো হইয়াছে।

প্রবেশ্য গ. проходимый [প্রহাদিম্যায়্], доступный [দাক্ষুপ্‌নীয়্] প্রবেশযোগ্য।

প্রবেশ ব্য. утешение [উতিশেনিয়ে] সান্ত্বনা, দুঃখ বা উৎকণ্ঠা নিবারক বাক্য, আশ্বাস; знание [জ্ঞানিয়ে] জ্ঞান; пробуждение [প্রবুদ্ধদেনিয়ে] জাগরণ।

প্রবেশন ব্য. утешение [উতিশেনিয়ে] প্রবোধদান; пробуждение [প্রবুদ্ধদেনিয়ে] জাগরিতকরণ।

প্রবোধিত গ. успокоенный [উস্পাকো-য়িম্যায়্] যাহাকে প্রবোধ করা হইয়াছে; пробуждённый [প্রবুদ্ধদ্যোম্যায়্] যাহাকে জাগরিত করা হইয়াছে।

প্ররজ্যা ব্য. отшельничество [আংশেল-নিচিস্ত্‌ভ] সন্ন্যাস, সন্ন্যাস-অবলম্বনপূর্বক পরিভ্রমণ।

প্রভঞ্জন ব্য. ураган [উরাগান্] ঝড়।

প্রভব ব্য. источник [ইস্‌তোচ'নিক্] উৎপত্তিস্থান, উৎস; причина [প্রিচিনা] কারণ; влияние [ভ'লিয়ানিয়ে] প্রভাব।

প্রভাবক্ষ্ণ গ. влиятельный [ভ'লিয়াতিল-নীয়্] প্রভাবশালী।

প্রভা ব্য. сияние [সিয়ানিয়ে] দীপ্তি, কিরণ; сверкание [স্‌ভির'কানিয়ে] উজ্জ্বল্য, তেজঃ।

প্রভাকর ব্য. солнце [সোন্‌ৎসে] সূর্য'।

প্রভাত ব্য. утро [উৎর], рассвет [রাস্-স্‌ভেৎ] প্রাতঃকাল, সকাল।

প্রভাতী গ. утренний [উৎর'নিয়্] প্রভাত-কালীন।

প্রভাব ব্য. влияние [ভ'লিয়ানিয়ে], воз-действии [ভাজ্‌দেয়্‌স্ত্‌ভিয়ে] প্রতিপত্তি, চালিত বা বশীভূত করিবার মতো শক্তি; авторитет [আফ্‌ত'রিতেৎ] প্রতিষ্ঠা, মৰ্যাদা।

প্রভাবশালী গ. влиятельный [ভ'লিয়া-তিল'নীয়্], авторитетный [আফ্‌ত-রিতেৎ'নীয়্] যাহার প্রভাব আছে, প্রতি-পত্তিশালী (~ লোক)।

প্রভাবান গ. сияющий [সিয়ায়্‌দ্যায়্] দীপ্তিময়।

প্রভাবিত গ. находящийся под влия-нием [নহাদ্যায়্‌দ্যায়্‌স্যা পদ্ ভ'লিয়া-নিয়ম্] অপরের প্রভাবের দ্বারা বশীভূত, প্রভাবদ্বারা আচ্ছন্ন।

প্রভু ব্য. хозяин [হাজ্যাইন্] মনিব, মালিক; повелитель [পাভ'লিতল'] অধিপতি।

প্রভূতা, প্রভূত্ব ব্য. господство [গাস্-পোৎস্ত্‌ভ] আধিপত্য, প্রাধান্য, কর্তৃত্ব।

প্রভূত গ. большóй [বাল'শোয়্], обиль-ный [আবিল'নীয়্] প্রচুর, খুব, যথেষ্ট; произведённый [প্রইজ্‌ভিড্যোম্যায়্] উদ্ভূত, উৎপন্ন।

প্রভূতি অব্য. и так дáleе [ই তাক্ দালিয়ে], и другие [ই দ্‌রু'গিয়ে] ইত্যাদি, প্রমুখ, আদি।

প্রভেদ ব্য. различие [রাজ্‌ল'চিয়ে] পার্থক্য, ভিন্নতা।

প্রমত্ত গ. опьянённый [আপ'য়ন্যোম্যায়্] অতিশয় মত্ত; безумный [বিজ্‌দ'মনীয়্] উন্মত্ত; преданный [প্রদন্নীয়্], привязанный [প্রিভ্যাজ্‌ম্যায়্] অত্যাসক্ত; небрежный [নিব্রেজ্‌নীয়্] অনবাহিত, অসতর্ক।

প্রমা প্রিমতি দেখ।

প্রমাণ ব্য. доказáтельство [দকাজ'াতল'-স্ত্‌ভ] সত্যাসত্য বিচারের উপায় বা নিদর্শন, বিশ্বাসের হেতু প্রদর্শন; свиде-тельство [স্‌ভি'দে'তিল'স্ত্‌ভ] সাক্ষ্য; мёрка [মের্'কা], стандарт [স্তান্-দার'ৎ] আদর্শরূপে গণ্য গুণমাত্রাদি; размер [রাজ'মের্] পরিমাণ।

প্রমাণপত্র ব্য. свидетельство [স্‌ভি'দে-তিল'স্ত্‌ভ], удостоверение [উদেস্ত্‌ভি-রেনিয়ে] প্রশংসাপত্র, সার্টিফিকেট।

প্রমাণসই, প্রমাণসহি গ. соответствующий размеру [সআৎ‌ভেৎস্ত্‌ভুয়'দ্যায়্' রাজ্-মের্], полномёрный [পল্‌ন্যোমের্-নীয়্] পূরা মাপের।

প্রমাণসাপেক্ষ গ. требующий доказá-

ТЕЛЬСТВ [দেবদ্যুশিষ্য দকাজাতিল'স্ত'ভ] বাহার প্রমাণ আবশ্যক।
 প্রমাণসিদ্ধ, প্রমাণিত গ. доказанный [দাকাজমীয়] সপ্রমাণ।
 প্রমাতা গ. доказывающий [দাকাজী-ভায়দ্যুশিষ্য] যে প্রমাণ করে।
 প্রমাতামহ ব্য. прадед [প্রাদেদ], прадедушка [প্রাদেদৃশ্কা] মাতামহের পিতা।
 প্রমাতামহী ব্য. праба́бка [প্রাবাপৃকা], прабабушка [প্রাবাবৃশ্কা] মাতামহের মাতা।
 প্রমাদ ব্য. небре́жность [নিব্রেব্'নস্ত], промах [প্রোমাহ] অসাবধানতার ফলে ভুল; беда [বিদা] বিপদ (~ ঘটবে)।
 প্রামিত গ. досто́верный [দস্তাভের'নীয়] নিশ্চিত, জ্ঞাত; изме́ренный [ইজ্-মেরিনীয়] পরিমিত; доказанный [দাকাজমীয়] প্রমাণিত।
 প্রামিত ব্য. уве́ренность [উভেরিনস্ত] নিশ্চয়জ্ঞান; измере́ние [ইজ্'মিরে-নিয়] পরিমাপ; доказа́тельство [দকাজাতিল'স্ত'ভ] প্রমাণ।
 প্রমুখ গ. во главе с [ভ গ্লাভে স্] প্রধান, প্রথম; и другие [ই দু'গিয়ে] আদি, প্রভৃতি (রবীন্দ্রনাথ ~ কবিগণ); возглавля́ющий [ভজ্'গ্লাভ'ল্যায্-শিষ্য] যে ব্যক্তি কোনও শ্রেণীর অগ্রণী।
 প্রমুখাৎ অব্য. из уст [ইজ্' উস্ত], от [ওঃ] মুখ হইতে, জবান (দু'তের ~ এই কথা শুনিয়া)।
 প্রমুদিত গ. восхище́нный [ভস্'হি-শ্যোন্নীয়] অতিশয় আমোদিত।
 প্রমেয় গ. доказы́емый [দকাজ্'নিমীয়] বাহার প্রমাণ করা হয়, অবধাৰ্য; изме́римый [ইজ্'মিরিমীয়] পরিমেয়।
 প্রমোদ ব্য. ра́дость [রাদস্ত'] আনন্দ; развлече́ние [রজ্'ভ'লিচ'নিয়] আমোদ, বিলাস।
 প্রমোদিত গ. ра́достный [রাদস্'নীয়] আনন্দিত, প্রমোদযুক্ত।
 প্রমোশন ব্য. повыше́ние в до́лжно-

сти [পভীশেনিয়ে ভ্' দোল'ব্'নস্ত] উচ্চতর পদে বা শ্রেণীতে উন্নয়ন।
 প্রযত্ন ব্য. старание [স্তারানিয়ে], усер-дие [উসের'দিয়] প্রয়াস, অধ্যবসায়; заботы [জাবোতী] যত্ন-আত্ত, তত্ত্বাবধান।
 প্রয়াণ ব্য. уход [উহোদ] প্রস্থান, গমন।
 প্রয়াত গ. уше́дший [উশেৎশীয়] যে প্রয়াণ করিয়াছে।
 প্রয়াস ব্য. усы́лие [উস'সিলিয়ে], усердие [উসের'দিয়] পরিপ্রমের সহিত চেষ্টা, প্রযত্ন; труд [হৃদ] পরিপ্রম, আয়াস; жела́ние [ঝীলানিয়ে] ইচ্ছা, অভিলাষ।
 প্রয়াসী গ. старате́льный [স্তারাতিল-নীয়], трудолю́бный [হৃদ'ল্যুব-ভীয়] অধ্যবসায়ী, প্রয়াসবান; жела́ющий [ঝীলায়'শিষ্য] ইচ্ছুক।
 প্রযুক্ত গ. применённый [প্রিম'ন্যোন্নীয়] যাহা প্রয়োগ করা হইয়াছে; указанный [উকাজমীয়] উল্লিখিত; — при-г. по причине [প্' প্রিচিনে], из-за [ইজ্-জা] হেতু, জন্য, নিবন্ধন (অসদৃশতা ~, দুর্বলতা ~ চলিতে অক্ষম)।
 প্রযুক্তি ব্য. применение [প্রিম'নোনিয়] প্রয়োগ; техника [তেহ'নিকা] শিল্পাদিতে প্রয়োগকৌশল।
 প্রযুক্তিবিদ্যা ব্য. техноло́гия [তিহ'না-লোগিয়া] শিল্পকৌশল সংক্রান্ত তত্ত্ব ও জ্ঞান।
 প্রযোক্তা ব্য. инициа́тор [ইনিৎস'আতর্], организа́тор [আর্'গনিজাতর্] প্রয়োগ-কর্তা, অনুষ্ঠাতা, প্রয়োজক।
 প্রয়োগ ব্য. применение [প্রিম'নোনিয়] কাজে লাগানো, ব্যবহার; практика [প্রাক্'তিকা] কার্যতঃ পরীক্ষা।
 প্রয়োগমূলক গ. практи́ческий [প্রাক্-তিচিস্'কিয়] যাহাতে হাতেকলমে বা কার্যতঃ পরীক্ষা করিয়া দেখা হয়, ব্যবহারিক।
 প্রয়োজক ব্য. режиссёр [রিজ'িস্'স্যোর] যে নাটকান্ডিনয়ের ও চলচ্চিত্রনির্মাণের ব্যবস্থা করেন।

প্রয়োজন ব্য. потребность [পাত্রুব্‌নস্ত',
необходимость [নিআপ্‌হাদিমস্ত']
দরকার, আবশ্যকতা।

প্রযোজনা ব্য. постановка [পস্তানোফ্‌-
কা], режиссура [রিঝীস্‌সূরা] নাট্যা-
ভিনয় চলচ্চিত্র নির্মাণ ইত্যাদির উদ্যোগ।

প্রয়োজনীয় গ. необходимый [নিআপ্‌-
হাদিমীয়'] দরকারী, আবশ্যক।

প্রয়োজনীয়তা ব্য. необходимость [নি-
আপ্‌হাদিমস্ত'] দরকার, আবশ্যকতা।

প্রযোজ্য গ. применимый [প্রিমিনমীয়']
প্রয়োগযোগ্য।

প্ররোচক গ. подстрекáющий [পৎস্‌ত্রি-
কায়্‌শায়্'] যে প্ররোচনা দেয়; — ব্য.
подстрекáтель [পৎস্‌ত্রিকাতিল']
প্ররোচনাকারী।

প্ররোচন, প্ররোচনা ব্য. подстрекáтель-
ство [পৎস্‌ত্রিকাতিলস্‌ত্‌ভ] উশকানি, কু-
কার্ষ্য উৎসাহদান।

প্ররোচিত গ. спровоцированный [স্‌প্‌-
ভাৎসরভন্নীয়'] প্ররোচনা-প্রাপ্ত।

প্রলপন ব্য. бред [র্রেদ্‌] প্রলাপ কথন।

প্রলম্ব ব্য. вися́щий предмет [ভিস্যা-
শায়্' প্রিদ্‌মেৎ] লম্বমান বস্তু; ветвь
[ভেৎভ',] сук [স্‌ক্'] গাছের ঝুরি
বা শাখা।

প্রলম্বন ব্য. подвѣшивание [পাদ্‌ভেশী-
ভানিয়ে] লম্বিত হওয়া; вися́чее поло-
же́ние [ভিস্যাচিয়ে পলাঝেঁনিয়ে] লম্ব-
মান অবস্থা; удлине́ние [উদ্‌লিনে-
নিয়ে], увеличе́ние [উভালিচোনিয়ে]
বর্ধিতকরণ; затя́гивание [জাত্যাগি-
ভানিয়ে], продле́ние [প্রাদ্‌লেনিয়ে]
স্বাভাবিক অপেক্ষা বেশি কাল স্থায়ী
হওন।

প্রলম্বিত গ. вися́щий [ভিস্যাশায়্য]
লম্বিত, লম্বমান; длительно́ый [দ্‌লি-
তিল'নীয়'] দীর্ঘস্থায়ী, দীর্ঘকালীন;
удлине́нный [উদ্‌লিন্যোন্নীয়'] বর্ধিত।

প্রলয় ব্য. гибель [গিবিলা'] সম্পূর্ণ ধ্বংস।

প্রলয়ঙ্কর গ. разрушительный [রজ্‌-
রুশীতিল'নীয়'] প্রলয়কারী।

প্রলাপ ব্য. бред [র্রেদ্‌] অর্থহীন উক্তি
বা বাক্য (পাগলের ~, জ্বরের ঘোর
~ বকা)।

প্রলীন গ. поги́бший [পাগিগ্‌শ্‌শীয়']
লয়প্রাপ্ত।

প্রলুদ্ধ গ. жа́дный [ঝাদ্‌নীয়'] অতিশয়
লুদ্ধ।

প্রলেপ ব্য. мазь [মাজ্'] লেপিয়া লাগান
বস্তু।

প্রলোভ ব্য. áлчность [আল্‌চ্‌নস্ত'] অতি
লোভ।

প্রলোভন ব্য. обольще́ние [আবাল'শ্যে-
নিয়ে] লোভ উৎপাদন, লুদ্ধকরণ; со-
блáзн [সাব্‌লাজ্‌ন্'] লুদ্ধ করে এমন
বস্তু, লোভের সামগ্রী।

প্রলোভিত গ. обольще́нный [আবাল'-
শ্যোন্নীয়'] প্রলোভনের দ্বারা বশীভূত।

প্রশংসন ব্য. восхва́ление [ভস্‌হ্‌ভালে-
নিয়ে] প্রশংসাকরণ।

প্রশংসনীয় গ. похва́льный [পাহ্‌ভাল'-
নীয়'] প্রশংসার যোগ্য।

প্রশংসা ব্য. похва́ла [পহ্‌ভালা] ভালো
বিলিয়া উক্তি, স্দুখ্যাতি, সাধুবাদ।

প্রশংসাপত্র ব্য. рекоменда́ция [রিক্‌ফিম্‌-
দাৎসয়া] প্রশংসাসূচক লিখন।

প্রশংসাবাদ ব্য. комплиме́нт [কম্‌প্লি-
মেস্ত'] প্রশংসাবাক্য।

প্রশমন ব্য. успоко́ение [উস্‌পকোয়েনিয়ে]
শান্তকরণ (ব্যথার ~); смягче́ние
[স্‌ম্‌হ্‌চোনিয়ে] (দ্‌গ্‌থের ~), ослабле́-
ние [আস্‌লাব্‌লোনিয়ে] (জ্বরের ~),
сниже́ние [স্‌নিঝোনিয়ে] নিবৃত্ত ও
সংযতকরণ; подавле́ние [পদাভ্‌লে-
নিয়ে] দমন, নিবারণ (কোথের ~);
поко́й [পাকোয়্'] শান্তি।

প্রশমিত গ. успоко́енный [উস্‌পাকোয়্‌-
নীয়'] যে শান্ত হইয়াছে বা যাহাকে শান্ত
করা হইয়াছে; осла́бленный [আস্‌লাব্‌-
লিনীয়'], облегче́нный [আব্‌লিহ্‌-
চোন্নীয়'] নিবৃত্ত, সংযত; подав-
ленный [পাদাভ্‌লিনীয়'] দমিত।

প্রশস্ত গ. досто́йный похва́лы [দা-

স্তোত্রনীয় পহুভালী] প্রশংসনীয়; про-
восходный [প্রিভাস্‌হোদনীয়] উৎকৃষ্ট,
শ্রেষ্ঠ; широкий [শীরৌকিয়], про-
сторный [প্রাস্তোরনীয়] চওড়া, বিস্তৃত।

প্রশান্তি প্রশংসা দেখ।

প্রশস্য প্রশংসনীয় দেখ।

প্রশাখা স্বা. отросток [আৎরোস্তক্] শাখার
শাখা।

প্রশান্ত গ. спокойный [স্‌পাকোয়নীয়],
тихий [তিহিয়] অচঞ্চল, ধীর ও শান্ত,
শান্তিপূর্ণ।

প্রশান্তি স্বা. спокойствие [স্‌পাকোয়-
স্ত্বিভিয়ে] প্রশান্ত অবস্থা বা ভাব।

প্রশ্ন স্বা. вопрос [ভাপ্রোস্] জিজ্ঞাসা,
জিজ্ঞাসিত বিষয় (পরীক্ষার ~); про-
блема [প্রাব্‌লেমা], вопрос [ভাপ্রোস্]
সমস্যা।

প্রশ্নকর্তা গ. спрашивающий [স্প্রাশী-
ভায়্‌শিয়] যে প্রশ্ন করে; — স্বা. экза-
менатор [ইগ্‌জামিনাতর্] যে পরীক্ষা
করে।

প্রশ্নপত্র স্বা. билет на экзамене [বি-
লেৎ না ইগ্‌জামেনে] পরীক্ষার সময়ে
প্রদত্ত লিখিত বা মুদ্রিত প্রশ্ন।

প্রশ্নাত্মক গ. вопросительный [ভপ্রা-
সিতল'নীয়] প্রশ্নসূচক (~ দৃষ্টি)।

প্রশ্নোত্তর স্বা. вопросы и ответы [ভা-
প্রোসী ই আৎভেতী] প্রশ্ন ও তাহার
উত্তর।

প্রশ্বাস স্বা. дыхáние [দীহানিয়ে] ফুসফুসে
বায়ুগ্রহণ; вдох [ভ্‌দোহ্] নাসিকা
দ্বারা গৃহীত বায়ু।

প্রশ্রয় স্বা. потвóрство [পাৎভোর'স্ত্ব]
আশকারা, নাই; учтíвость [উচ্'তিভস্ত']
নম্রতা।

প্রষ্টা প্রশ্নকর্তা দেখ।

প্রসক্ত গ. привязанный [প্রিভাজনীয়],
преданный [প্রেদনীয়] আসক্ত,
অনুরক্ত।

প্রসক্তি স্বা. привязанность [প্রিভাজনস্ত']
গভীর আসক্তি।

প্রসঙ্গ স্বা. тема [তেমা], предмет [প্রিদ্-

মেং] আলোচ্য বিষয়, প্রস্তাব; связь
[স্‌ভ্যাজ্], отношéние [আৎনোশেনিয়ে]
সম্বন্ধ, সঙ্গতি।

প্রসঙ্গসম্মে, প্রসঙ্গতঃ ক্রি-ণ. между прочим
[মেব্‌দ্, প্রোচিম্] আলোচ্য বিষয়ের
অঙ্গরূপে বা তৎসঙ্গে।

প্রসঙ্গে অব্য. (পর.) о [ও], относительно
[আৎনাসিতল'ন] সম্পর্কে, সম্বন্ধে (এই
~)।

প্রসন্ন গ. благосклонный [রগাস্‌ক্লোন-
নীয়] সন্তুষ্ট, অনুকূল, সদয় (~ দৃষ্টি);
радоcтный [রাদস্‌নীয়] খুশী, প্রফুল্ল
(~ হাসি); чистый [চিস্‌তীয়] নির্মল
(~ সলিলা)।

প্রসন্নতা, প্রসন্নত্ব স্বা. благосклонность
[রগাস্‌ক্লোনস্ত'] আনুকূল্য; радость
[রাদস্ত'] আনন্দ, খুশি; чистотá [চিস্-
তাতá] নির্মলতা।

প্রসব স্বা. роды [রোদী] গর্ভস্থ সন্তানের
জন্মদান।

প্রসবকারিণী স্বা. родительница [রাদি-
তিল'নিৎসা] যে প্রসব করে; рожéница
[রোঝেনিৎসা] যে স্ত্রীলোক প্রসব করায়;
акушёрка [আকুশের্‌কা], повивáль-
ная бáбка [পবিভাল'নায়á বাপ্‌কা] যে
প্রসবে সাহায্য করে।

প্রসববেদনা স্বা. родовые схвáтки [রদা-
ভীয়ে স্‌হ্‌ভার্থক] প্রসবকালীন যন্ত্রণা।

প্রসবালয় স্বা. родильный дом [রাদিল'-
নীয় দোম্] যে গৃহে প্রসব করা হয়।

প্রসবিভা স্বা. родитель [রাদিতল']
জনায়িতা, জন্মদানকারী।

প্রসবিবর্তী, প্রসবিনী স্বা. родительница
